# সহজে ইংরেজি

# সহজে ইংরেজি

॥ কসমো স্ক্রিপ্ট ॥ ৭৩, মহাত্মা গান্ধী রোড, কলকাতা-৯

প্রকাশকাল : ১লা বৈশাখ ১৩৭০

প্রচ্ছদ : কুমার অজিত

প্রকাশিকা : তাপসী সেনগুপ্ত, ১১ নিতাই বাবু লেন, কলকাতা-৭০০০১২

মুদ্রক : শ্রোতা ঘোষ, এস. জি. প্রিন্টার্স, ১৪৪/১, রাজা রামমোহন সরণি, কলকাতা-৭০০০০৯

## সূচিপত্র

# বাবা-মাদের জন্য

ইংরেজি না শিখে যদি আমাদের চলত, হয়তো ভালই হত। এও মানি, মাতৃভাষার তুল্য শিক্ষার বাহন আর নেই। কিন্তু দেখছি ইংরেজি ছাড়া চলছে না ; কবে চলবে কে জানে। আরও দেখছি, যে কটি মুষ্টিমেয় ছেলেমেয়ে ইংরেজি ভালো শিখছে তারা পরবর্তী জীবনে দেশের অগণিত সাধারণ ছাত্রছাত্রীদের চেয়ে অনেক বেশি সুবিধে ভোগ করছে। তাছাড়া, ইংরেজি যদি শিখতেই হয়, তাহলে প্রথম থেকেই যতটা সম্ভব ভাল করে না-শেখাবার কোন যুক্তি নেই।

আপনাদের ছেলেমেয়েরা ইংরেজি শিখতে আরম্ভ করেছে। কেউ কেউ খানিকদূর এগিয়েও গেছে। খোঁজ নিলে হয়তো জানতে পারবেন, একই ক্লাসের মধ্যে এক-আধজন হয়তো অন্যদের চেয়ে বেশি এগিয়েছে, বেশি শিখেছে, ভাল শিখেছে। কেন এরকম তফাত হয় ? হয়তো কারো মেধা বেশি। আবার এমনও হতে পারে, তাদের বাড়ির পরিবেশ ইংরেজি শেখবার অনুকূল, হয়তো অনেক ইংরেজি বই তাদের বাড়িতে, শিশুকাল থেকে ইংরেজি গল্পের বই তারা পড়ে আসছে এবং সেইভাবে নিজেদের অজ্ঞাতসারেই এই বিদেশী ভাষাটাকে তারা রপ্ত করে নিচ্ছে। তখন আর ইংরেজি তাদের কাছে ইংরেজি নয়, ঈনিড ব্লাইটনের গল্প তাদের কাছে ইংরেজি গল্প নয়, শুধুই গল্প মাত্র।

## ইংরেজি পড়তে দিন

ইংরেজ শিশুদের কথা ছেড়ে দিন। আমাদের ছেলেমেয়েদের ইংরেজি শেখাবার এই হল শ্রেষ্ঠ পন্থা। যে-কোন বড় বইয়ের দোকানে মোটামুটি কম দামে ইংরেজি গল্পের বই আজকাল হামেশা পাওয়া যায়। তার মধ্যে একেবারে প্রাথমিক স্তর থেকে আরম্ভ করে, একটু যারা বেশি শিখেছে তাদের উপযোগী বই আপনি খুঁজলেই পাবেন। একেবারে প্রথম ধাপের বই থেকে ধরিয়ে দিন, দেখবেন সবে যারা ছোট ছোট ইংরেজি বাক্য শিখতে আরম্ভ করেছে, তাদেরও বিশেষ সাহায্যের দরকার হবে না, নিজেরাই, সব কথা না বুঝলেও, গল্পের টানে এগিয়ে যাবে।

সাবধান ! আপনি নিজে বই পড়ে বাংলা অনুবাদ করে শুনিয়ে যাবেন না।

একটু আস্তে আস্তে চললেও তাকে ইংরেজির ওপর দিয়েই চলতে দিন। মাঝে-মাঝে হয়তো হাত ধরে এক-আধ পা এগিয়ে দিলেন, অর্থাৎ এক-আধটা কথা একটু বুঝিয়ে দিলেন, তাও যতটা সম্ভব বাংলার সাহায্য না নিয়ে। প্রত্যেকটি শব্দের মানে না-বুঝলেও ক্ষতি নেই। আবার, অনেক সময়ে হয়তো দেখবেন, কোনো অচেনা শব্দের অর্থ হয়তো ছোট্ট পাঠকটির কাছে আপনি পরিষ্কার হয়ে আসবে, যদি সে না-থেমে এগিয়ে যায়।

অতএব ভাল বই হাতের কাছে যুগিয়ে দিয়ে তাকে একলা ছেড়ে দিন। নেহাত দরকার হলে সে-ই আপনার কাছে আসুক, আপনি তার ঘাড়ের ওপর দাঁড়িয়ে থাকবেন না। প্রথম প্রথম সে একটু হোঁচট খাবে, এটা-ওটা বুঝিয়ে দেবার জন্যে আপনাকে বিরক্ত করবে। তারপর, দু-চার দিন গেলে, দেখবেন ওই ইংরেজিই সে গোগ্রাসে গিলছে, লাফিয়ে-লাফিয়ে ছুটছে গল্পের পেছন-পেছন।

বই তো পড়তে দেবেন, এখন কথা, কী বই ? একজনের নাম আগেই করেছি—ঈনিড ব্লাইটন। এঁর বই নানা বয়সের ছেলেমেয়েদের উপযোগী আলাদা-আলাদা শ্রেণীতে ভাগ করা। একেবারে ছোটদের জন্যে ব্লু ড্র্যাগন মার্কা বই, তারপর রেড ড্র্যাগন, সবশেষে গ্রীন ড্র্যাগন। এই তিন ড্র্যাগনে আমাদের দেশ, বিশেষ করে বড় বড় শহর সব ছেয়ে গেছে। সহজেই পাবেন। বলা বাহুল্য, বইগুলো আমাদের দেশের বালক-বালিকাদের কথা ভেবে লেখা নয়, তাই এর মধ্যে এমন কিছু কিছু বস্তু আছে যা আমাদের ছেলেমেয়েরা না-বুঝিয়ে দিলে হয়তো পুরোপুরি বুঝতে পারবে না। দেবেনই না হয় একটু-আধটু বলে। কিন্তু এমন এগুলোর গল্পের টান যে, তাতেই ভাসিয়ে নিয়ে যাবে।

একটা কথা এখনই বলে রাখি। প্রত্যেকটি অচেনা শব্দের জন্যে ছেলেমেয়েকে যখন-তখন অভিধানের পেছনে ছোটাবেন না, তাতে সে-বেচারির গল্পের রস মাটি হবে। যতক্ষণ এগোতে পারছে, এগোতে দিন, নেহাত আগাছায় আটকে গেলে একটু লগি দিয়ে ঠেলে দিলেন, তার বেশি নয়।

তারপর অন্য সময়ে না হয় সেই অচেনা শব্দগুলোর মানে অভিধান খুলে দেখালেন। তখন সেই অভিধান দেখা তার আরও সার্থক হবে, শব্দগুলোর অর্থ তার কাছে আরও উজ্জ্বল হবে, কেন না প্রসঙ্গটি তার জানা, প্রয়োগটি তার পরিচিত।

## অভিধানের কথা

আমি বলি, ইংরেজি থেকে বাংলা অভিধানের বদলে, ইংরেজি থেকে ইংরেজি অভিধান ছেলেমেয়েদের প্রথম থেকে দেখতে শেখান। তাতে ইংরেজি অনেক বেশি শেখা হবে।

আমি শিশুদের উপযোগী খুব ছোট-ছোট অভিধানের পক্ষপাতী নই। বরং একটা বড়, ভাল অভিধানকে তার সারাক্ষণের সঙ্গী করে দিন। বড় বই দেখে সে ভয় পাবে না। বরং বড়দের মত বড়-বড় বই গম্ভীর মুখে নাড়াচাড়া করতে সে ভালই বাসবে।

## উচ্চারণ

এইটেই বড় গোলমেলে ব্যাপার। উচ্চারণ করে উচ্চারণ শেখাতে হয়, অথচ পাঠকদের সঙ্গে আমার সাক্ষাৎকার একমাত্র ছাপা কাগজের মধ্যে দিয়ে। তবু, একটা কথা পরিষ্কার করে দেওয়া ভাল, আমাদের বাংলা বর্ণমালার প্রতি স্বর ও ব্যঞ্জনবর্ণ আর ইংরেজি উচ্চারণের স্বর ও ব্যঞ্জনধ্বনির মধ্যে এত প্রভেদ যে, বাংলা অক্ষর দিয়ে ইংরেজি আওয়াজ বোঝাতে গেলে বিকৃতি অবশ্যম্ভাবী। কাজেই ইংরেজি উচ্চারণ শিখতে গেলে শিক্ষিত ইংরেজের মুখ থেকে শেখাই সব চেয়ে ভাল। আমরা লণ্ডনের বি-বি-সি রেডিওর প্রচার শুনে শেখবার চেষ্টা করতে পারি। অভাব পক্ষে আমাদের রেডিওতে যাঁরা ইংরেজিতে খবর-টবর বলেন, তাঁদের কাছ থেকেও কতকটা আন্দাজ পেতে পারি, যদিও তাঁদের বলা প্রায়শই সম্পূর্ণ নির্দোষ নয়।

আপনি প্রথম থেকেই ছেলেমেয়েদের রেডিওর ইংরেজি খবর শোনবার অভ্যাস করে দিন। তাছাড়া, উচ্চারণ শেখবার আমি অন্য উপায় দেখি না।

পরিশেষে একটি নিবেদন : ইংরেজি শেখার সঙ্গে সঙ্গে আমার পাঠকদের ভাল ভাল বাংলা বইও পড়তে দিতে ভুলবেন না। না হলে সব শিক্ষাই অসম্পূর্ণ থাকবে।

আমরা ধরে নেব সবাই সারাক্ষণ ইংরেজিতে কথা বলছে। কেন বলছে, জানি না।

# চামেলির সকাল

সাত বছরের ছোট্ট মিলি অর্থাৎ চামেলি ঘুম ভাঙতেই দেখে, তার আদরের বেড়াল আরাবল্লি তার পাশটিতে এসে গুটিসুটি মেরে শুয়ে রয়েছে। তখন তাদের মধ্যে এই রকম কথাবার্তা হল :

Milly: Get off, you naughty thing! Go away!

Ara: Pr-r-r-r.

Milly: Please, Ara, let me get up.

Ara: Pr-r-r-r-r-r.

Milly: Why don't you understand, Ara? I've got to go to school.

Ara: Miaow.

এই কথোপকথনের মধ্যে আরাবল্লির কথাগুলো আমরা ভাল বুঝতে পারিনি (মিলি হয়তো পারে)। মিলি কী বলল লক্ষ করা যাক।

প্রথমেই মিলির (১) নম্বর কথা, রাগের স্বরে হুকুম। তারপর (২) নম্বর, অনুরোধ। তারপর (৩) নম্বর, প্রশ্ন। সবশেষে, (৪) নম্বর, সেটা শুধু কিছু বলা জানানো।

শুধু একটি কি দুটি মাত্র শব্দ দিয়েই হুকুম করা চলে। হুকুম করা মানে কিছু করতে বলা, কিংবা করতে মানা করা।

Go! Come! Sit! Stay! Run! Don't laugh! Don't look!

অনুরোধ করতে গেলে এর সঙ্গে অনুরোধসূচক শব্দটি জুড়ে দিতে হয় :

Please don't cry. Please stay. Please, Ara, let me go.

ইংরেজিতে ওই অনুরোধসূচক কথাটি সব সময়ে কেন লাগাতে হয় জানো ? না হলে, কাউকে কিছু করতে বললে সেটা হুকুমের মত হয়ে যায় । সেটা খুবই অভদ্রতা । অবশ্য অনুরোধ অন্যভাবেও জানানো হয় :

Will you sit down?

Won't you sit down?

Come in the morning, will you?

Let me carry your bag, won't you?

ওপরের কথাগুলো প্রশ্নের মত দেখালেও, আসলে ওগুলো অনুরোধ ।

ইংরেজদের কথায় আদেশ খুবই কম, অনুরোধের ছড়াছড়ি । তাই চামেলি বেড়ালকেও বলছে :

Please, Ara, let me get up.

আবার ইস্কুল যাবার আগে মায়ের সঙ্গে তার যে কথাবার্তা হল তাতেও দেখ কত অনুরোধ ।

Mother: Drink up your milk, will you? Your bus will be here any minute.

Milly: Please, Mummy, let me play with Ara just a little. She will be nice and not spoil my dress. Won't you be nice, Ara?

## চামেলি ও চম্বল

মিলিদের কথাবার্তা ততক্ষণ চলতে থাক, তার মধ্যে আমরা ওদের বিষয়ে কিছু বলে নিই । যা বলব, তার মধ্যে কিছু কথা তোমরা এর মধ্যেই জেনে গেছ, কিছু নতুন । যে কথাগুলো নতুন তার পাশে-পাশে একটা করে টিক মার্কা ( √ ) দিয়ে দাও ।

Milly is a girl.

Milly is a pretty girl.

Milly is a seven-year-old girl.

Milly goes to school.

Milly has a cat.

Milly has a brown cat.

Milly has a brother.

Chambal is Milly's brother.

Chambal is eleven years old.

Chambal goes to school, too.

এ সবই হল জানানোর ব্যাপার । মিলি আরাবল্লিকে একটা কথা জানিয়েছিল, মনে আছে ? সে নিজের কথা নিজেই জানিয়েছিল :

I've (I have) got to go to school.

এ কথাটা এ-ভাবেও বলা যায় :

I've (I have) to go to school.

আবার মিলির কথাটা আমরাও এভাবে জানাতে পারি :

Milly has to go to school.

তেমনি, ওপরে মিলি আর চম্বলের সম্বন্ধে যা যা বলা হয়েছে, সে-কথাগুলো তারা নিজেরাও বলতে পারত। যেমন মিলির কথা :

I am a girl.

I am a pretty girl.

I am a seven-year-old girl.

কিংবা চম্বলের কথা :

I go to school, too.

এইবার বাকি কথাগুলোও তোমরা এমনভাবে বদলে লেখো যেন যার কথা সে নিজেই বলছে।

একটা কথা এইবেলা বলে রাখি। চলতি কথায় অনেক সময়ে দুটো শব্দ মিলে একটা হয়ে যায়। আজকাল লিখবার সময়েও প্রায়ই ওইভাবে সংক্ষিপ্ত করেই লেখা আমরা দেখতে পাই। যেমন :

I have (I've), you have (you've), I am (I'm), you are (you're), they are (they're), he is (he's).

অবশ্য সব সময়ে তা হয় না। যেমন ধরো, মিলি জোর দিয়ে বলছে, আমাকে ইস্কুল যেতেই হবে, আর তার মা'ও তাতে সায় দিচ্ছেন।

Milly: I *have* to go to school.

Mother: Yes, you *have* to.

# চামেলিরা সবাই

চামেলিরা সবাই এখন খাবার ঘরে। তাদের কথা এবার একটু গুছিয়ে বলা যাক। লক্ষ করে দ্যাখো, কেমন সহজে ছোট ছোট বাক্য থেকে আস্তে আস্তে বড় বড় বাক্যে পৌঁছন যায়।

Dr. Roy is in the dining-room.

Mrs. Roy is in the dining-room.

Dr. and Mrs. Roy are in the dining-room.

Dr. Roy has a newspaper in his hand.

Mrs. Roy has a letter in her hand.

Dr. and Mrs. Roy have a son and a daughter.

Chambal is their son.

Chameli is their daughter.

Chambal and Chameli are Dr. and Mrs. Roy's son and daughter.

Chambal is tall.
Chambal is tall for his age.
Chameli is pretty.
Chameli is pretty as a picture.

এবারে দেখা যাক কে কী করছে।

Mrs. Roy is sitting on a chair.
Dr. Roy is standing near the window.
Chameli and Chambal are sitting on chairs.
Chameli and Chambal are having their breakfast.
They are having toast and eggs.
Mrs. Roy is not eating.
She is not hungry.
Mrs. Roy is not eating because she is not hungry.
Where is Chameli's cat, Araballi?
Araballi is under the table.
Araballi is waiting for her milk.
Araballi is waiting for her saucer of milk.
The Roys are having their breakfast.

এবারে তোমাদের কিছু লিখতে হবে। তার আগে দুটো কাজ আছে। প্রথমে কোনো ভাল অভিধান (ইংরেজি থেকে ইংরেজি) দেখে নীচের কথাগুলোর মানে ঠিক করে জেনে নাও :

dine, dining-room, breakfast

তারপর, নীচের কথাগুলোতে ফাঁক ভর্তি করে দাও : কিন্তু প্রত্যেক বাক্যের শেষে যে শব্দগুলো বন্ধনীর মধ্যে দেওয়া আছে, তার একটি দিয়ে ফাঁক ভর্তি করতে হবে।

Chambal and Chameli — brother and sister (is/are)
Chambal — Dr. & Mrs. Roy's son (is/are)
Mrs. Roy — two children (has/have)
The Roys — a nice house (has/have)

এবারে তোমাদের লেখার পালা। ওপরে যে বাক্যগুলোতে চামেলিদের সকলের কথা বলা হয়েছে, ঠিক সে রকম ধরনের বাক্য নিজেরা লেখ। যেমন ধরো, প্রথম বাক্যটা বদলে তার নীচের বাক্যটা লিখলে

Mr. Roy is in the dining room.
Mr. Sen is in the garden.

# কথাবার্তা চলছে

চামেলির ইস্কুলের বাস এখনো আসেনি। ইতিমধ্যে ওদের কথাবার্তার খানিকটা আমরা শুনে নিই :

Mr. Roy: Are you eating your breakfast, Molly?
Molly: No, Father. I've finished. I'm speaking to Mother.
Mrs. Roy: Are you eating your breakfast, Chambal?
Chambal: Yes, Mother. Where is the cat?
Molly: Ara is there; she's under the table.

কথা চলুক, তার মধ্যে আমরা বাক্যের গঠনগুলো একটু লক্ষ করে দেখি :

Molly *goes* to school.
Araballi *loves* milk.
Mr. Roy *reads* the newspaper in the morning.
Mrs. Roy *cooks*.

আবার দ্যাখো :

Molly and Chambal *go* to school.
All cats *love* milk.
Mr. and Mrs. Roy *send* their children to school.

তার মানে, একজনের, কথা বলতে গেলে :

goes, loves, reads, cooks.

আর, একজনের বেশি যদি হয়, তাহলে :

go, love, read, cook, send.

তেমনি আবার :

Mrs. Roy *is reading* a letter.
Araballi *is having* her milk.
Chameli and Chambal *are eating* their breakfast.
All the Roys *are* in their dining-room.

এবারে তোমাদেব পালা। নীচের প্রত্যেকটা বাক্যের শেষে বন্ধনীর মধ্যে দুটি করে শব্দ আছে। তার একটি দিয়ে বাক্যটির ফাঁক ভর্তি করো।

Chambal — football. (play/plays)
Chameli — to dance. (love/loves)
They — in a small house. (live/lives)
Chambal — to school. (walk/walks)

সবশেষে একটা খেলা হোক। তুমি যদি ছেলে হও, মনে করো তুমি চম্বল ; যদি মেয়ে হও, মনে করো তুমি চামেলি। তারপর নিজের কথা যা-যা জেনেছ লেখো। আরম্ভ করো এই ভাবে :

I am Chambal./ I am Chameli.

তারপর লিখে যাও।

# নিজের-নিজের কথা

এতদিনে চামেলিদের বাড়ির সকলের সঙ্গে আমাদের মোটামুটি পরিচয় হয়ে গিয়েছে। কিন্তু প্রত্যেকে যদি নিজের-নিজের কথা গুছিয়ে বলে তাহলে ওদের বিষয়ে জানতে আমাদের আরও সুবিধে হয়।

প্রথমে শোনা যাক চামেলি কী বলছে।

I am a girl.
My name is Chameli.
My father's name is Dr. Ashok Roy.
Mrs. Lila Roy is my mother.
I love Araballi.

তারপর একে-একে অন্যেরা :

I am not a girl. I am a boy.
My name is Chambal.
Chameli is my sister.
I am her brother.
I play football.
I hate mathematics.

I am Mrs. Roy.
My name is Lila.
My husband's name is Dr. Ashok Roy.
I have a son and a daughter.
My son's name is Chambal and my daughter's name is Chameli.

My name is Ashok Roy.
I am a doctor.
I treat patients.
I try to make them well.

I am Araballi.
I am brown.
I love mice.
I also love fish.

এবারে তোমরা কিছু করবে না ? যে যার নিজের কথা ওই রকম ধাঁচের ছোট-ছোট বাক্য রচনা করে লেখ। তারপর নিজের-নিজের বাবা-মা, ভাই-বোনদের দিয়ে লেখাও। প্রত্যেকে এইভাবে নিজের পরিচয় দেবে। যদি কেউ লিখতে না পারে, তুমি নিজে তার হয়ে লিখে দাও। যেমন ধরো, তোমার ছোট্ট বোন ইন্দু, সে লিখতে শেখেনি। তুমি তার হয়ে লেখো :

I am Indu.

I am only 6 months old.
I love to play.

## কোন্ কথাটি কার ?

চামেলিরা সবাই যে-যার নিজের সম্বন্ধে কয়েকটি করে বাক্য বলল, মনে আছে তো ? এবার তাদের মধ্যে তিনজনের একটি করে বাক্য নীচে দিয়ে দিলাম। বলো তো, কোন্ কথাটি কার ?

1) I love Araballi.
2) I play football.
3) I treat patients.

"চামেলিরা সবাই"-এ এই বাক্যগুলো ছিল :

1) Dr. Roy is sitting on a chair.
2) Dr. Roy is standing near the window.
3) Araballi is waiting for her saucer of milk.

প্রথম তিনটে বাক্যের সঙ্গে তার পরের তিনটে বাক্যের একটা তফাত নিশ্চয় তোমাদের চোখে পড়েছে। তফাতটা আরও পরিষ্কার বুঝতে পারবে যদি নীচের বাক্য দুটো লক্ষ কর :

(a) I play football.
(b) I am playing football.

কিংবা দ্যাখো :

(c) I love Araballi.
(d) I am playing with Araballi.

আবার লক্ষ করো :

(e) I treat patients.
(f) I am standing at the window.

চম্বল ফুটবল খেলে, কিন্তু এখন খেলছে না, এখন বোধহয় খাওয়া-দাওয়া করছে। কাজেই প্রথম বাক্য-জোড়ার মধ্যে একটা তার বেলায় খাটে, আরেকটা খাটে না। কোন্টা খাটে, কোন্টা খাটে না ?

তেমনি, চামেলিও এখন খাচ্ছে। তার বেলায় দ্বিতীয় বাক্য-জোড়ার কোন্টা খাটে, কোন্টা খাটে না, বলো তো ?

কিন্তু চামেলির বাবার বেলায় তৃতীয় বাক্য-জোড়ার দুটোই খাটে। কেন, বলতে পারো ?

এখন, খাবার ঘরে চামেলির মা-বাবার মধ্যে এই রকম কথাবার্তা হল।

Mr. Roy: You are not eating, my dear.
Mrs. Roy: No, I'm (I am) reading this letter.
Mr. Roy: Your breakfast is getting cold.

এখন তুমি 'সহজে ইংরেজি' পড়ছ। তোমার বাবা এখন কী করছেন ? মা কী করছেন ? বাড়ির আর সবাই কে কী করছে, লেখো।

# ইংরেজির ইং

ব্যাপারটা কী ? চামেলির ইস্কুলের বাসের এখনো যে টিকি দেখা যাচ্ছে না ? বাবা-মা একটু ব্যস্ত হয়ে উঠেছেন। তাই দ্যাখো,

Father and Mother are looking out of the window.

কিংবা, তাদের মনের ভাব জানাবার জন্যে এর সঙ্গে আরেকটা কথা জুড়ে দিয়ে বলতে পারি

Father and Mother are anxiously looking out of the window.

আর চামেলি নিজে ?

Chameli is happily playing with Araballi.

এদিকে আবার পাছে বাবা-মা মনে করেন তার ইস্কুলের জন্যে কোন চিন্তা নেই তাই সে মাঝে মাঝে জিজ্ঞেস করছে :

Chameli: Do you see my bus, Mummy?

Mother: No, my dear, I don't see your bus.

Father: I see buses, but not your bus.

এইবার, দু'ধরনের দুটো বাক্য মিলিয়ে দেখা যাক :

(1) Father *is looking* out of the window.

(2) Father *sees* buses.

(১) নম্বর আর (২) নম্বর বাক্যে বাঁকানো অক্ষরে ছাপা শব্দগুলোর তফাতটা লক্ষ করো। এরকম তফাত কেন হল ? একটু বুঝিয়ে বলি। আমরা অনেক রকমের কাজ করি। কোনো-কোনো কাজ আমাদের ইচ্ছে করে, কিংবা চেষ্টা করে করতে হয়, কোনো কোনো কাজের বেলায় কোন চেষ্টা লাগে না, এমনিতেই হয়ে যায়। মনে করো, তুমি চাঁদ দেখতে চাও। তা হলে তোমাকে চাঁদের দিকে তাকাতে হবে। যদি তাকাও তাহলে দেখতে পাবে।

If you *look* you can *see.*

আবার সব সময়ে যে আমরা ইচ্ছে করে তাকিয়ে দেখি, তা তো নয়। অনেক জিনিস আমাদের এমনি চোখে পড়ে যায়, আমরা দেখতে পাই।

ইচ্ছে করে, চেষ্টা করে যা করতে হয় তার বেলাতে (১) নম্বর বাক্যের ধরনে বলতে হয় :

Chameli *is playing* with her cat.

Chambal *is walking* to school.

Araballi is purring.

অর্থাৎ কেউ কিছু একটা কাজ করছে, এইরকম ভাব থাকলে এই ধরনের বাক্য হয়। আরও উদাহরণ :

The sun is shining.

A storm is blowing.

আর কাজ করার ভাবটা না-থাকলে (২) নম্বর বাক্যের মতো হয়। যেমন :

I *see* you are happy.

Father *hears* noises from the street.
I *think* you are wrong.
Chameli *understands* Araballi.

## ইংরেজির "ইং"—২

চামেলিরা যে যা করছে করুক, ততক্ষণ আমরা ইং-এর ব্যাপারটা একটু ভাল করে বুঝে নেবার চেষ্টা করি।

যে-কাজটা এই মুহূর্তে চলছে তার বেলায়—ইং :

You're reading Anandamela.
I'm thinking of you.

আবার, আগে কোনো একটা সময়ে যে-কাজটা চলছিল, তার বেলাতেও—ইং :

Chambal was taking his exam (examination) last week.
Chameli's school-bus was passing the Maidan five minutes ago.

তেমনি, পরে কোনো একটা সময়ে যে-কাজটা চলবে সে কাজেও—ইং :

The sun will be shining again when the cloud passes.
We shall be waiting for you.

তার মানে, বুঝতে পারছ, কোনো একটা চলতি কাজ কিংবা ঘটনা বোঝাতে গেলে ইং লাগে। সেই চলতি ব্যাপারটা এখনকার হতে পারে, আগেকার হতে পারে, আবার ভবিষ্যতে হবে বলে বলা যেতে পারে। তবে ব্যাপারটা খানিকক্ষণ ধরে চলা চাই।

আবার কখনো কখনো ভবিষ্যতের এমন কোনো একটা কাজ বোঝাতেও ইং লাগানো হয়, যে-কাজটার মধ্যে চালু থাকবার ভাবটা নেই। যেমন ধরো, চম্বলের সামনের জন্মদিনে বাবা তাকে কী দেবেন এখন থেকে ঠিক করে রেখেছেন :

Chambal's father is giving him a bicycle on his birthday.

এ রকম ভাবে, আগে থেকে ঠিক করা থাকলে ভবিষ্যতে যা হবে তার বেলা ইং লাগানো যায়।

The Roys are going to Puri when the school closes for the summer-holidays.
The schools are closing next week.
The Roys are leaving for Puri on the 18th.

কিন্তু সব জায়গায় ইং লাগে না, আগেই বলেছি। তার কয়েকটা উদাহরণ তোমাদের দিয়েছি। আরও আছে।

যেমন, মনের ভাব যাতে বোঝায় সে-রকম জায়গায় সাধারণত ইং লাগে না :

Chameli loves Araballi.
I feel you are wrong.
I fear I'll be late.

সাধারণত যাতে ইং লাগে না সেরকম আরও কয়েকটা কথা নীচে দিলাম :

seem, appear, know, suppose, believe, want, own, mean.

★ ★ ★

ইংরেজিতে বাক্য তৈরির ধরন-ধারণ এ পর্যন্ত একটু দেখলে। এবার দেখবে প্রশ্নবোধক বাক্য কীরকম হয়।

## প্রশ্ন কর

চামেলির ইস্কুলের বাস এসে গেছে। মনে করো তোমাদের বাড়ি আর চামেলিদের বাড়ি একদম পাশাপাশি। দোতলার জানালা দিয়ে তুমি দেখছ। তোমার একটু গা গরম হয়েছে, তাই ইস্কুল যাওনি। জানালা দিয়ে বাইরে তাকিয়ে থাকতে খুব ভাল লাগছে। মা বললেন, "কী দেখছিস রে ?" "চামেলি ইস্কুল যাচ্ছে, দেখছি মা।" মা'র যদি এখন সময় থাকত আর মা জিজ্ঞেস করতেন, "কী দেখছিস এক এক করে বল তো" তাহলে তুমি বলতে :

Chameli's school bus is here.
Chameli is getting into the bus.
Mrs. Roy is standing near the gate.
Chameli is carrying her school-bag in her hand.
She is smiling at her friends.
Her friends are sitting in the bus.
Mrs. Roy is waving her hand at Chameli.
She's saying good-bye to her.

কিন্তু এত সব কথা মা যদি প্রশ্ন করে-করে তোমার কাছে জেনে নিতেন, তাহলে মা'র সঙ্গে তোমার কী রকম কথাবার্তা হত ? কতকটা এই রকম :

(a) Has Chameli's school-bus come?
(b) Yes, Mummy, Chameli's school-bus has come.
(a) What is Chameli doing now?
(b) Chameli is getting into the bus.
(a) Where is Mrs. Roy?
(b) Mrs. Roy is at the gate.
(a) Is Chameli grave?
(b) No, Chameli is smiling.
(a) Has she a bag?
(b) Yes, she has her school-bag.

নিশ্চয় লক্ষ করেছ, ওপরে একটি করে প্রশ্নের সঙ্গে একটি করে উত্তর দেওয়া আছে। প্রত্যেক প্রশ্নের পাশে টিক মার্কা (√) দাও। এবারে ভাল করে দ্যাখো, প্রশ্নের বাক্যগুলো আলাদা ধরনের। কী রকম আলাদা ধরনের তা নীচের দুটো বাক্য দেখে আবার বুঝে নাও।

Is Chameli going to school?
Chameli is going to school.

এইবার চামেলিদের সকলের বিষয়ে যতগুলো পারো প্রশ্ন তৈরি করো, যে-সব প্রশ্নের উত্তর তোমরা আগেই জেনে গেছ। যেমন ধরো—

ওপরে আছে :

Where is Mrs. Roy?

তোমরা নিজেরা লিখতে পার :

Who is Mrs. Roy?

# গল্পের মতো

বাবা ডাক্তারখানায় চলে গেছেন, চামেলি আর চম্বলও ইস্কুলে রওনা হয়েছে, মা একটু অবসর পেয়ে টুকিটাকি কাজ সারছেন, আরাবল্লি বাগানে প্রজাপতি আর ফড়িং ধরবার চেষ্টা করছে, বাড়ি চুপচাপ। এই ফাঁকে চামেলিদের কথা একটু গল্পের মতো করে বলা যাক :

There is a neat little house in a quiet street not far from the Kalighat tram depot. A small family live in this house. They are, Dr. Ashok Roy, Mrs. Roy and their two children, Chambal and Chameli. They have a cat. The name of the cat is Araballi. Araballi is a naughty little cat. She steals fish from the kitchen!

গল্পটা সবে শুরু হল। কিন্তু এইটুকু পড়েই নীচের প্রশ্নগুলোর উত্তর দেওয়া যায়। তোমরা উত্তর দাও।

Where is Dr. Roy's house?

Who live in it?

What are the names of Dr. Roy's children?

What is the name of the cat?

What does the cat do?

এইবার গল্পটা আরেকটু চলুক।

Dr. Ashok Roy is a physician. He has a small car. It's not a new car but it's a good car. He drives it carefully. Mrs. Roy was a teacher before her marriage. Now she stays at home. She gets up early in the morning and prepares breakfast. She is a very good cook.

এবারে প্রশ্নোত্তরটা উলটো রকমের হোক। উত্তরগুলো আমি দিয়ে দিচ্ছি, তোমরা প্রশ্নের জায়গাগুলো ভরাট করো।

Q. ...................?

Ans. Dr. Roy is a physician.

Q. .....................?

Ans. No, it's not a new car.

Q. .....................?

Ans. She was a teacher.

Q. .....................?

Ans. She prepares breakfast in the morning.

# এখন-তখন

চামেলির বাবা কাজে যাচ্ছেন। দশ মিনিট আগে তিনি বাড়িতে ছিলেন।

Dr. Roy was in his home.
Now he is in his car.
Dr. Roy's car was in the garage.
Now it is in the street.

আরও বলা যায়

Dr. Roy was having his breakfast.
Now he is driving his car.
Dr. Roy was saying good-bye to his wife.
Now he is not talking.

এখনকার কথা বলতে গেলে,

is, is doing, is not talking.

আগেকার কথা বলতে গেলে,

was, was having, was saying

ট্রাফিক পুলিসে হাত দেখিয়েছে, গাড়ি দাঁড়িয়ে গেছে। এই ফাঁকে বলা যাক দশ মিনিট আগে কী হচ্ছিল।

Dr. Roy got his car out of the garage.
He waited.
Mrs. Roy came to the front door.
She handed Dr. Roy his bag.
Araballi ran to the car.
She had her tail up.
Dr. Roy stroked her a little.
Then he put her down.
Dr. and Mrs. Roy smiled at each other.
Dr. Roy said good-bye to Mrs. Roy.
Then he started the engine of the car.
He drove off.
Mrs. Roy went back into the house.
She closed the front door.

তুমি এখন আনন্দমেলা পড়ছ। এক ঘণ্টা আগে কী কী করেছিলে তার বিবরণ এই রকম ভাবে লেখো। বাক্যগুলো এই ধরনের হবে :

I got up from bed.
I brushed my teeth.

এইভাবে লিখে যাও। তারপর মা কী করেছিলেন লেখো। আগেকার কথা বলতে গেলে, ইংরেজিতে কীভাবে বলে, তাই নিয়ে এখন একটু কথাবার্তা

চলবে

★ ★ ★

# পথের বিপদ

চামেলির বাবার চেম্বারে বেজায় ভিড় জমে গেছে। বেলা প্রায় দশটা বাজে, এখনো ডাক্তারের দেখা নেই। সবাই ব্যস্ত হয়ে পড়েছে, এত দেরি হচ্ছে কেন ? প্রায় সওয়া দশটা নাগাদ তিনি এলেন। তখন আর তাঁর অত কথা বলবার সময় নেই, কিন্তু পরে আমরা ওঁর কাছ থেকে দেরির কারণটা জেনে নিয়েছি। ব্যাপারটা কী হয়েছিল শোনো।

Dr. Roy was driving to his chamber. He was a little late. So he was driving rather fast. As his car was coming round a corner near Park Street a taxi ran into it. A window of his car broke and a wheel came off. Dr. Roy fell and hit his head on the door. The taxi did not stop. It drove away. It was not Dr. Roy's fault. It was the taxi-driver's fault. So the taxi-driver was afraid and he ran away with his taxi. A policeman shouted, but he did not stop. The policeman was very angry and wrote the number of the taxi in a little book.

Dr. Roy got out of the car. He gave the policeman his name and address. The policeman was very helpful. Dr. Roy went back into the car. He gave himself a little first-aid. Then he got out of the car. He asked the policeman to keep an eye on the car. He then walked to his chamber. It was not far.

লক্ষ করে দ্যাখো, ওপরে যে বাক্যগুলো আছে সেগুলো তিন ধরনের :

(a) The taxi drove away.

(b) The taxi did not stop.

(c) Dr. Roy was driving fast.

এর সঙ্গে আরেকটা বাক্য আমরা জুড়ে দিতে পারি, যদিও ঠিক সে-রকম বাক্য ওপরে নেই।

(d) Dr. Roy was not feeling much pain.

এবারে একটু খুঁটিয়ে দেখা যাক 'হ্যাঁ' থেকে 'না'-এ বাক্যগুলো কীরকম বদলে যায় :

The taxi drove away.

The taxi did not drive away.

The taxi stopped.

The taxi did not stop.

Dr. Roy was driving fast.

Dr. Roy was not driving fast.

তোমরা এবারে, ওপরে যে চার ধরনের বাক্যের কথা বলেছি, তার

প্রত্যেকটির মতো পাঁচটি করে বাক্য তৈরি করো।

# এ-দিকে আরেক কাণ্ড

বাড়িতে মা তো টুকিটাকি কাজ সেরে সবে একটা গল্পের বই নিয়ে বসেছেন, এমন সময়ে দরজায় জোর ঘণ্টা। "বাবা রে বাবা! এক দণ্ড যদি বসবার যো থাকে," বলতে-বলতে মা দরজা খুলেই দেখেন চম্বল দাঁড়িয়ে, মুখ চোখ কেমন যেন। মা কিছু বলবার আগেই চম্বলের মুখ দিয়ে কথাগুলো যেন ঠেলে বেরিয়ে এল, "মা, বাবার অ্যাকসিডেন্ট হয়েছে! বাবা আসেনি?" মা'র মাথা ঘুরে উঠল। কোনো রকমে নিজেকে সামলে তিনি চম্বলকে বসালেন। তার অবস্থা আরও সঙ্গিন, অতি কষ্টে কান্না চাপছে। তারপর?

"Accident!", she cried out. "What do you mean? What accident? How? Where? Where is he?"

"I don't know, Mummy."

"But where is he? Did you see it happen?"

"No, Mummy. Manik told me."

"Who's Manik? What did he say?"

"He's in my class. He saw it."

"I must ring up his chamber."

So she rang up Mr. Roy's chamber.

"Hullo, this is Mrs. Roy. Is Mr. Roy there?

"Good Morning, Mrs. Roy. Yes, Mr. Roy is here. He'll be on the line in a moment."

"Yes, but first tell me, how is he?"

"Oh, he's very well. I see, you've heard about the accident. It was nothing serious, Mrs. Roy. Mr. Roy is all right. There's no cause for anxiety."

"Thank you so much. I'm so relieved. Now, may I speak to him?"

যে কথোপকথন শুনলাম, তার দিকে আবার ফেরা যাক। মোটামুটি দু ধরনের বাক্য এর মধ্যে আছে। দু ভাগে সেগুলোকে আগে সাজাই :

Gr. A

(a) Manik told me.

(b) Mr. Roy is all right.

(c) I didn't (see the accident).

Gr. B

(a) Who's (who is) Manik?

(b) Is Mr. Roy there?

(c) May I speak to him?

এত দিনে তোমাদের নিশ্চয় আর বলে দিতে হবে না দু ধরনের কথায়

তফাত। এবার তোমরা যে কথোপকথন ওপরে দিয়েছি তার থেকে বাক্য নিয়ে নিয়ে ওপরের দুটো ভাগের মধ্যে ঢুকিয়ে যাও, যেটা যেখানে ঢোকে।

## বাবা বাড়ি ফিরলেন

সেদিন সন্ধ্যাবেলা বাড়ি ফিরে এসে চামেলির বাবা যখন পথের বিপদের কথা বলছিলেন তখন মা তো খুব ব্যস্ত হয়ে উঠলেনই, ভয়ও পেয়ে গেলেন খুব। আর এদিকে প্রশ্নের ঠ্যালায় মিলি বাবাকে অস্থির করে তুলল :

Were you driving fast, Daddy?
Yes, Milly, I'm afraid I was.
Why were you driving fast, Daddy?
I was late, My dear.

মিলির প্রশ্ন দুটো লক্ষ করো। প্রশ্নের বেলায় বাক্যের ধরনটা এইভাবে বদলে যায় :

You were driving fast.
Were you driving fast?
Why were you driving fast?
I was driving fast because I was late.

কিন্তু মিলির কথা এখন থাক। আমরা বরং দেখি দুর্ঘটনার সমস্ত ব্যাপারটা প্রশ্নোত্তরের আকারে বলতে গেলে কেমন দাঁড়ায়।

Where was Dr. Roy going in his car?
He was going to his chamber.
What happened to his car near Park Street?
A taxi ran into his car.
What happened to Dr. Roy?
He fell and hit his head on the door.
What did he do then?
He gave himself first-aid.
When did all this happen?
All this happened this morning at about 10 o'clock.

প্রশ্ন করার এই এক ধরনের বাক্য, এতে লাগে প্রশ্ন করার সব শব্দ :
what, where, when, why, who, how, whom, whose, which

আগেকার কথা কিছু জিজ্ঞেস করতে গেলে এর সঙ্গে সেই রকম ক্রিয়াপদ লাগাতে হয় :

*Present tense*
Who are you?
I'm (I am) Roy.
Where do you live?
I live in South Calcutta.
When does Dr. Roy go to his chamber?

Dr. Roy goes to his chamber in the morning

*Past tense*

Who was Akbar?

Akbar was a Mughal emperor.

Where did Akbar live?

Akbar lived in India.

When did Akbar rule?

Akbar ruled in the 16th century.

আরেক ধরনের প্রশ্ন করার বাক্য (পাশে পাশে উত্তর) :

Was Dr. Roy driving to his chamber? (yes, he was.)

Was he driving fast? (yes, he was.)

Did Dr. Roy fall? (yes, he did.)

Was he badly injured? (No, he wasn't.)

আবার উত্তরটাও যদি পুরোপুরি বলা যায়, তাহলে এইরকম হবে :

Did the policeman shout at the taxi driver?

Yes, he shouted at the taxi driver.

Did the taxi-driver stop?

No, the taxi-driver did not stop.

প্রশ্ন করার ব্যাপার নিয়ে আগেই বলেছি, এবারে দেখলে অতীত কাল নিয়ে কীভাবে প্রশ্ন করতে হয়।

# খেলা আর খেলার রচনা

এদিকে আমাদের শ্রীমান চম্বলকুমার এক বিপদে পড়েছে। ইস্কুলে টিফিন পিরিয়ডে ক্রিকেট খেলা হচ্ছিল। ক্লাস শুরুর ঘণ্টা পড়ে গেল, খেলোয়াড়েরা ভাবলেন, আরেকটু খেলে যাই, এই ওভারটা শেষ হোক। ফল ? হেডমাস্টারের ঘরে তলব। তার ফল ? শাস্তি। কী শাস্তি ? ক্রিকেট খেলার ওপর রচনা, খেলোয়াড়েরা সবাই লিখে নিয়ে এসে পরের দিন হেডমাস্টারকে দেখাবে, আর সেই রচনাতে দশের মধ্যে পাঁচের কম যে পাবে, এ বছরকার মতো তার ক্রিকেট খেলা বন্ধ।

ধুত্তোর ছাই, খেলার নামে ঘেন্না ধরাল। কিন্তু উপায় কী ? বাবা আবার বললেন কি না, "তাতে কী হয়েছে ? খেলতে পারো আর খেলার কথা লিখতে পারো না ?" যেন, দুটো এক জিনিস ! যেন, সবাই সুনীল গাভাসকার।

বাবা বললেন, "ঠিক আছে। মনে করো, আমি ক্রিকেটের ক'ও জানি না। তুমি আমাকে বুঝিয়ে দাও, সে জিনিসটা কী, সাপ না ব্যাং, হাতি না ঘোড়া। এই একটা চান্‌স পেয়েছ জীবনে। আমি মূর্খ, তুমি পণ্ডিত। জ্ঞান দান করো। আমি একে একে জিজ্ঞেস করি, তুমি জবাব দাও।"

What is cricket?

It's a kind of game.

I thought it was a kind of insect. But, never mind. Where is

it played, indoors or out of doors?

It's played out of doors, on a field.

How many play in it?

Eleven players on either side, twenty-two in all.

What do they do, actually?

They play!

No, no, that'll [that will] not do. First tell me, what do they play with?

They play with bats and balls.

Tell me more.

One side fields, the other side bats.

What do the fielders do?

One of them bowls, that is, he throws the ball at the wicket. But, you see, he mustn't actually throw the ball. Because if he does, it's a no-ball.

Sounds mysterious. But we'll come to that later. First explain, what is a wicket?

A Wicket is three stumps standing in a row.

Go on. What does the batter do?

Not "batter", batsman. He stands before the wicket and tries to hit the ball. If he misses and the ball hits the wicket, he's out. Also, if he hits the ball and a fielder catches it before it touches the ground, he's out. But if he hits the ball hard enough and it crosses the boundary it's four runs to him. He can also make a single by hitting the ball and running to the other end of the pitch. There's another wicket there.

Wait a minute, what is a pitch?

It's a strip of ground at the middle of the field, with a wicket at either end. There are two batsmen on the field at a time. Balls are bowled at both the wickets alternately.

ইংরেজিতে প্রশ্ন করতে গেলে বাক্য কীরকম হয়, খুব ভাল করে শিখে নাও।

# ক্রিকেট চলছে

খাবার পর বাবা আর ছেলেতে ক্রিকেট নিয়ে আরও খানিকক্ষণ প্রশ্নোত্তর চলল। কিন্তু তোমরা তো জানোই ক্রিকেট খেলার নিয়মকানুন, কাজেই সে-সব কথার সবটাই আমাদের শুনবার দরকার নেই। তার চেয়ে বরং এসো, আমরা যতটা শুনলাম, তাই একটু ঘুরিয়ে-ফিরিয়ে দেখি আর নিজেরা ওই রকম ধরনের কথা বানাতে চেষ্টা করি।

নীচে জোড়ায়-জোড়ায় প্রশ্ন দিচ্ছি, তার একটার উত্তর থাকছে, আরেকটার উত্তর তোমরা দাও, প্রথমটার ধরনে।

1. Q. What's cricket?
   Ans. It's a game.
   Q. What's an orange?
   Ans. .............
2. Q. What does the batsman try to hit?
   Ans. He tries to hit the ball.
   Q. What does the bowler try to hit?
   Ans. ..............
3. Q. What happens, if the batsman sends the ball across the boundary?
   Ans. If the batsman sends the ball across the boundary, he gets four runs.
   Q. What happens if the ball hits the wicket?
   Ans. .................
4. Q. How many fielders are there on the field?
   Ans. There are eleven fielders on the field.
   Q. How many batsmen are there on the field?
   Ans. ..................
5. Q. What does a batsman wear on his hands?
   Ans. A batsman wears gloves on his hands.
   Q. What does he wear on his legs?
   Ans. ................
6. Q. Where does the wicket-keeper stand?
   Ans. The wicket-keeper stands behind the wicket.
   Q. Where does the batsman stand?
   Ans. .....................
7. Q. What is the colour of a cricket ball?
   Ans. The colour of a cricket ball is red.
   Q. What is its shape?
   Ans. .....................
8. Q. Which side loses?
   Ans. The side that makes fewer runs loses.
   Q. Which side wins?
   Ans. .................
9. Q. How many balls are bowled in an over?
   Ans. Six balls are bowled in an over.
   Q. How many innings are played in a match?
   Ans. .................

এই বারে তোমরা প্রশ্নোত্তর থেকে ক্রিকেট সম্বন্ধে একটা ছোট রচনা লিখে ফেল, কেমন ?

# চামেলির গোপন কথা

কেউ জানে না চামেলির বইয়ের দেরাজে ছোট্ট একটি লাল টুকটুকে মলাট দেওয়া নোটবই আছে। তার প্রথম পাতায় গোটা গোটা অক্ষরে লেখা 'মিস চামেলি রায়', তারপর বাড়ির ঠিকানা। আর ভেতরের পাতায়? খবরদার খবরদার! ভেতরে কী আছে একদম দেখবে না। সে-সব চামেলির গোপন কথা, ভীষণ গোপন। তবে আমি বলতে পারি চামেলির ডায়েরিতে কী লেখা আছে, আমি সব দেখতে পাই। শুনবে তার কিছু কিছু?

It rained this afternoon. I could not go out to play. I took a story book and read a few pages. It was all about a sweet little girl. She was always so good. Everybody loved her. I hated the book. I hated sweet little girls. Everybody loved her. I hated the book. I hate it when it rains in the afternoon.

It is 8 o'clock. I am alone in the house. Mummy and Daddy are out. They are at Mr. Ghosh's house across the street. Chambal is also there. I don't like Amal. He is Mr. and Mrs. Ghosh's son. He teases me. He asks me silly questions. "Why do you play with dolls?" "Why do you always laugh?" "Why are you afraid of cockroaches?" Boys make me sick.

There was an accident at school today. Sarala Junarkar fell off the swing and cut her head on a rock. She bled a great deal. She began to cry. We took her to Headmistress' room. She cleaned the cut and put dettol on it. At this Sarala cried even louder. She made such a racket, all the teachers rushed there. Headmistress was annoyed and told Sarala to shut up. I think Sarala is a baby. I don't cry when I hurt myself.

I'm writing my diary by the light of a kerosene lamp. The lamp is smoking badly. The chimney is getting darker and darker. The light is becoming poorer and poorer. I'm sweating. The fan is not moving. I can see people passing by along the street. They are walking slowly in the dark. The street-lights are not burning.

Daddy was talking to Mummy the other day about the powercuts. He was saying that many were suffering much more than ourselves.

বর্তমান আর অতীত কাল নিয়ে এবার অনেকগুলো বাক্য পড়লে। এর পর ইংরেজির এই যে TENSE এই ব্যাপারটা আরও পরিষ্কার হবে।

# চামেলির গোপন কথা, আরো

I'm very unhappy. I've been very unhappy since this morning. I was unhappy at school. I was so unhappy in the afternoon. I didn't want to go out to play.

Araballi is missing. She's been missing since this morning. When I woke up this morning Ara didn't come to me in my bed. I called, "Ara, Ara", but she didn't come. I looked everywhere for her. She wasn't in the house. She wasn't in the garden. I looked in the street. She wasn't there.

When I came back from school I ran into the house. "Ara, Ara", I called. She wasn't anywhere. Mummy says Ara hasn't been home all day.

What has happened to poor Ara? I hope she's not dead. I hope she has not been run over by a car.

I'm so miserable. Dear God, please make Ara come back.

সবচেয়ে আগে তোমাদের আবার মনে করিয়ে দিই :

I'm=I am; I've=I have; didn't=did not; she's=she is; wasn't=was not; hasn't=has not.

মিলি এখন বিছানার পাশে হাঁটু গেড়ে বসে প্রার্থনা করছে আরাবল্লি যাতে ফিরে আসে। আমরাও প্রার্থনা করি আরা ফিরে আসুক। তারপর মিলির কথাগুলো একটু লক্ষ করে দেখি।

I am very unhappy.
I have been very unhappy since this morning.
I was unhappy in the afternoon.
Araballi is missing.
She has been missing since this morning.
She was missing when I came home from school.

সব শেষের বাক্যটা ঠিক ওই ভাবে মিলির ডায়েরিতে নেই, কিন্তু থাকতে পারত।

আসলে যেটা তোমাদের লক্ষ করতে হবে তা হল :

এখনকার কথা, আগেকার কথা, আর আগে থেকে আরম্ভ করে এখন পর্যন্ত যা চলছে তার কথা, এই তিন রকম বিষয় নিয়ে কিছু বলতে গেলে তিন ধরনের বাক্য কী রকম হবে। বুঝতেই পারছ এই রকম হবে :

I am, I was, I have been.
You are, you were, you have been.
Ara is, Ara was, Ara has been.

তেমনি আবার :

I run, I ran, I have run.
You run, you ran, you have run.

He runs, he ran, he has run.

কিন্তু আরেকটা বাক্য দেখেছ :

Ara has not been home all day.

এবার তাহলে উপরের সমস্ত বাক্যগুলো উল্টো করে লেখো ; উল্টো করে মানে 'হয়'কে নয়, আর 'নয়'কে হয় করে। যেমন প্রথম বাক্যটা হবে :

I am not very unhappy.

তারপর লিখে যাও।

এবারে দেখলে, একটা ব্যাপার আগে থেকে আরম্ভ হয়ে এখনও চলছে, ইংরেজিতে তার কথা কীভাবে বলে।

Where is Milly?
Milly has been in her room since the morning.
Has she been doing her home-work?
No, she has not been doing her home-work.
She has been reading a story-book.

## কে জানে কোথায় আরাবল্লি

বেচারি মিলি। আরাবল্লিকে সকাল থেকে খুঁজে পাওয়া যাচ্ছে না, সবাই জানে, কিন্তু মিলির যে তার জন্যে কী মন খারাপ আর কী দুশ্চিন্তা, সে-খবর কে রাখে বলো ? কারো যেন কোনো মাথাব্যথাই নেই। আমরা নেহাত তার ডায়েরিটা দেখে ফেলেছি তাই জানি :

Chameli is very unhappy.
She is very unhappy because Araballi is missing.
Chameli is very fond of Araballi.

তা ছাড়া, চামেলির এত বেশি দুর্ভাবনা কেন হচ্ছে জানো ? আগেও যে একবার তাকে এ-রকম শোক পেতে হয়েছিল :

Chameli once had another cat.
The name of that cat was Agnimitra.*
Agnimitra also left the house and did not come back.

কাজেই, আমরা চামেলির মনের অবস্থা বুঝতেই পারছি।

Agnimitra has not come back since that day.
Araballi has not come back since this morning.
Chameli has searched in the house.
She has searched in the garden.
She has asked the neighbours.
She has asked everybody.
She has looked under every bed.
She has looked behind every bush.

চামেলির দুশ্চিন্তা ক্রমেই বেড়ে যাচ্ছে, কতরকম কথা মনে হচ্ছে :

What has happened to the poor dear?
Has some wicked dog killed her?
Has some horrible truck crushed her under its wheels?
আবার মনে হচ্ছে, না না, সে-সব কিছু নয় :
I think she has lost her way.
সঙ্গে সঙ্গে আরও কত ছবি চামেলির চোখের ওপর ভেসে উঠল :
Poor Ara!
She's hungry and tired.
She's afraid because she's so far from home.
She doesn't know her way back.

এর পর এসো তোমাতে আর আমাতে এইসব ব্যাপার নিয়ে খানিক কথাবার্তা হোক। আমি জিজ্ঞেস করি তুমি উত্তর দাও। প্রথম দুটো উত্তর তোমার হয়ে আমিই লিখে দিলাম, বাকিগুলো তুমি লেখো :

Q. How long has Araballi been missing?
Ans. Araballi has been missing since the morning.
Q. What has Chameli been doing?
Ans. Chameli has been searching for her.
Q. Where has she been searching?
Ans. ....................
Q. Has Chameli found her yet?
Ans. ................
Q. Whom has she asked about Araballi?
Ans. .....................
Q. What do you think has happened to Araballi?
Ans. I think Araballi.......

# ভাইবোন

চম্বলবাবু এখন ইস্কুলে। বাড়িতে আরাবল্লি যে সকাল থেকে নিখোঁজ, তার বোন যে ভেবে ভেবে অস্থির, সে কি তার খবর রাখে? তা ছাড়া একটা বেড়ালকে নিয়ে অত বাড়াবাড়ি তার অসহ্য মনে হয়।

হত অ্যালসেশিয়ান, বোঝা যেত। বাবাকে কবে থেকে সে বলছে একটা অ্যালসেশিয়ান পুষতে, বাবার কোনো গরজ নেই। আসলে মিলিটার জন্যেই হচ্ছে না। সে বাড়ির খুব আদরের খুকুমণি কি-না, পাছে তার আদরের মেনি বেড়ালকে খেয়ে ফেলে, তাই এ বাড়িতে অ্যালসেশিযান ঢুকতে পাবে না। অসহ্য!

Chameli loves cats.
Chambal doesn't love cats.
Chambal wants an alsatian in the house.
Chameli doesn't.

Chameli is at home, thinking of Araballi.
Chambal is at school, learning geography.
Chambal is sitting in his classroom.
Chameli is praying for the return of Araballi.
Chemeli is feeling very miserable.
Chambal is listening to the teacher.

চামেলি আর চম্বলে এইরকম কথাবার্তা হতে পারত :

Chambal: Why do you love cats?

Chameli: Because they're such soft, cuddly things. But why do you like alsatians?

Chambal: Because they're big and strong and intelligent. And they don't steal fish from the kitchen. Why does Araballi steal?

Chameli: Because she gets hungry.

Chambal: Why doesn't she catch mice and eat them?

Chameli: There are no mice in the house. And why do dogs always chase cats? Nasty brutes!

Chambal: Alsatians don't. They don't take any notice of cats. Don't they have better things to do?

Chameli: Look at the alsatian next door. What does he do except eat and sleep?

Chambal: Burglars know what alsatians do. You try to steal into the house late at night and you'll find out. And what about cats? All they do is fight with other cats in the street.

Chameli: Araballi never fights.

তা হলে আমরা কী কী ধরনের বাক্য এ পর্যন্ত দেখেছি ? নীচে চার রকমের বাক্যের দুটো করে নমুনা দিলাম

(a) Chameli was sad.
Agnimitra left the house.

(b) Chameli is searching for Araballi.
Araballi is missing.

(c) Chambal has gone to school.
Chameli has returned from school.

(d) Mr. Roy drives his own car.
Mrs. Roy is a good cook.

শেষকালে আরেকবার মনে করো নীচের জোড়া-জোড়া বাক্যগুলোর মধ্যে কী তফাত :

(a) Mr. Roy drives his own car.
Mr. Roy is driving to his chamber.

(b) Chameli went to school this morning.

দেখতে পাচ্ছ, এখন চলছে,

(১) এখনকার কথা

(২) আগেকার কথা

Chambal has gone to school.

এবারে নীচের প্রশ্নগুলোর উত্তর লেখো :

(a) Where is Chameli now?

(b) Where is Chambal now?

(৩) আগে আরম্ভ হয়ে এখনও চালু আছে, সে রকম ব্যাপার নিয়ে কথা।

এ নিয়ে আরও এগোবার আগে, ইংরেজদের কথা বলবার ধরন-ধারন সম্পর্কে তোমাদের একটু জানালে কেমন হয়?

* * *

# কথাবার্তার ধরন-ধারন

আমরা যে সব সময়ে কথাবার্তা বলছি, সব কি ব্যাকরণের নিয়ম অনুযায়ী পুরোপুরি বাক্য রচনা করে করে বলি? যেমন ধরো, সম্পূর্ণ বাক্য যেখানে হওয়া উচিত ছিল :

তুমি কোথায় যাচ্ছ?

আমি খেলতে যাচ্ছি।

সেখানে আমরা বলি :

কোথায় যাচ্ছ?

খেলতে।

ইংরেজিতেও ওই রকম :

Going far?

Not very.

অর্থাৎ :

Are you going far?

I am not going very far.

কিন্তু অত বেশি কথা ইংরেজরা খরচ করে না, সংক্ষেপেই সেরে দেয়। এ নিয়ে একটা গল্প অনেকদিন আগে শুনেছিলাম, এই ফাঁকে বলে নিই। সে ইংরেজ আমলের কথা, চাকরির জন্যে নিরীহ বাঙালি ছেলেদের জবরদস্ত সায়েবদের সামনে ইনটারভিউ দিতে হত। তেমনি এক ইনটারভিউ দিতে এসেছে সদ্য বি-এ পাস যুবক। বাড়ি থেকে তাকে খুব করে শিখিয়ে-পড়িয়ে দেওয়া হয়েছে, সায়েব কী কী জিজ্ঞেস করবে আর তার উত্তর কী দিতে হবে। প্রথমেই সায়েব জিজ্ঞেস করবে :

What is your name?

বলবি, মাই নেম ইজ অমুক, স্যর। তারপর সায়েব জিজ্ঞেস করবে :

Which district do you come from?

বলবি, আই কাম ফ্রম দি ডিসট্রিক্ট অব অমুক, স্যর।

এখন, বিপদ হল কি, ছেলেটি ঘরে ঢুকে কোনো রকমে চেয়ারে বসার পর সায়েব কটমট করে খানিকক্ষণ তার দিকে তাকিয়ে থেকে হঠাৎ গর্জন করে উঠল :

NAME?

ছেলেটা গেল ঘাবড়ে। একটা আওয়াজ হল সে শুনতে পেল, কিন্তু তার উদ্দেশ্যটা যে কী ভাল করে ঠাহর করতে পারল না। বুঝতেই পারছ, একে সে বেচারি নার্ভাস তার ওপর সায়েবি উচ্চারণ। যাই হোক, আগে নাম বলতে হয়, সে জানে। সেইটাই সে কোনো রকমে বলে দেওয়া মাত্র, আবার গর্জন :

HOME?

ঠিক যেন শোনাল, 'হালুম!'

এর পর কি আর ইনটারভিউ দেবার মতো কারো মনের অবস্থা থাকে? ছেলেটি একেবারে ট্রামে উঠে হাঁফ ছেড়ে বাঁচল।

ছেলেটি যে নেহাত বোকা ছিল আর সায়েবটিও যে মস্ত বাহাদুর ছিল তা নয়, আসলে দেশের তখনকার অবস্থার জন্যে আমাদের ছেলেদের এই রকম অসহায় অবস্থার মধ্যে পড়তে হত। নইলে, ইংরেজদের মুখের ইংরেজি কথা যদি আমরা টক-টক করে বুঝে ফেলতে না পারি, সেটা আমাদের কোনো লজ্জার বিষয় নয়।

যাই হোক, চামেলি-চম্বল আর তাদের মা-বাবার গল্পের মধ্যে অনেক কথোপকথন তোমরা পেয়েছ? নিশ্চয়ই লক্ষ করে থাকবে বাক্য প্রায়ই কেটে-ছেঁটে সংক্ষেপ করা হয়েছে। আসলে ওই রকম ভাবেই বলে। যেমন :

Why do you love cats?

Because they're soft, cuddly things.

অর্থাৎ

I love cats because they're soft cuddly things.

কিংবা

Why doesn't she catch mice and eat them?

There are no mice in the house.

অর্থাৎ

She doesn't do that because there are no mice in the house.

আবার দ্যাখো :

Why do dogs always chase cats?

Alsatians don't (chase cats).

বন্ধনীর মধ্যেকার কথা দুটো আর বলার দরকার করে না।

# জন্মদিনের বদলে

চামেলির জন্মদিনে তার বন্ধুদের নিমন্ত্রণ হয়। বেলুনে, রঙিন কাগজে সে-দিন বাড়িতে এমন অবস্থা হয় যে, ভদ্রলোক সেখানে টিকতে পারে না। ভদ্রলোক মানে শ্রীমান চম্বলবাবু। সে তো এখন বড় হয়ে গিয়েছে, তাই এসব ছেলেমানুষি আর তার ভাল লাগে না।

মাকে বলে চম্বল ঠিক করেছে তার জন্মদিনে এসব পার্টি-টার্টি হবে না। তার বদলে সে তার বন্ধুদের বছরে একদিন বাড়িতে নিমন্ত্রণ করবে, যেদিন তার খুশি। সে নিজেই উপলক্ষ ঠিক করবে। যেমন ধরো, এ বছর পার্টি হবে তার প্রিয় দলের ফুটবল লীগে জেতা উপলক্ষে। গেল বছর হয়েছিল ইস্কুল ম্যাগাজিনে তার লেখা গল্প ছাপা হয়েছিল, সেই উপলক্ষে।

Chameli gives a party to her friends on her birth-day.

Chambal doesn't give a party to his friends on his birth-day.

He gives a party to his friends once a year.

He chooses the occasion for his party.

★

Last year the school magazine published a story by him.

That was the occasion for his party last year.

He read the story to his friends at the party.

They had to listen to the story.

His friends suggested that they should read the story at home.

They all had their copies of the magazine.

Chambal didn't agree to this.

এ-বাব এ-বছরকার কথা শোনো। এ-বছর কী হবে :

This evening Chambal and his friends are going to have a party in the garden.

This morning Chambal and his father went to the market.

They brought mutton and fresh vegetables.

Father also ordered a cake.

Chambal wanted a bigger cake.

Father paid no attention to him.

He told the confectioners he wanted a medium-sized cake.

The cake is going to arrive in the afternoon.

His friends are going to be here by five o'clock.

Chambal hopes it's not going to rain.

★

Chambal is looking at the sky anxiously.

The sky is turning rather dark.
A wind is blowing from the east.
Is it going to blow the clouds away?

এতক্ষণ যা পড়লে তার মধ্যে কিছু আগেকার কথা আছে, কিছু এখনকার কথা আছে, আর কিছু আছে যা হতে যাচ্ছে, অর্থাৎ যা ভবিষ্যৎ, তার কথা। তোমরা এর মধ্যে থেকে খুঁজে খুঁজে ভবিষ্যতের কথা যাতে আছে সেই বাক্যগুলো আলাদা করো, তারপর ওই ধরনের বাক্য আরো কয়েকটি লেখো চম্বলের পার্টিতে কী কী হবে তাই নিয়ে।

★ ★ ★

দেখলে, অতীত আর বর্তমান ছাড়িয়ে এবার আমরা ভবিষ্যতের দিকে এগোচ্ছি।

# রবিবারের সকাল

ছুটির দিন, তাই আজ সকালে বাড়ি এখনো চুপচাপ। তার ওপরে কাল আবার চম্বলকুমারের পার্টি ছিল। খাওয়া-দাওয়া, গল্প-গুজব, হৈ-হুল্লোড় চলেছিল বেশ রাত অবধি। অবশ্য অত দেরি হওয়ার কথা ছিল না, কিন্তু ঠিক বিকেলবেলাটিতে এক পশলা বৃষ্টি হয়ে গেল, ফলে বন্ধুদের আসতেই অনেকের দেরি হয়ে গেল, তাছাড়া বৃষ্টির পর আবার বাগানে নতুন করে টেবিল-চেয়ার সাজিয়ে খাবার-দাবার গুছিয়ে দিতেও খানিকক্ষণ সময় লাগল। তাই সন্ধে উতরে গেলেও কেউ আর নড়তে চায় না। শেষ পর্যন্ত বাবা এসে উৎসবের পরিসমাপ্তি ঘোষণা না করলে আরো কতক্ষণ চলত কে জানে।

They were all having such a good time.
They were all talking at the top of their voices.
And they were eating like little ogres.
Mother was taking care to keep their plates full.
The food was disappearing fast.

আর চামেলি ?

Where was Chameli?
What was she doing?
Was she having fun too?
Was she out in the garden?
Was she helping her mother?

এই প্রশ্নগুলোর উত্তর আমি দেব না। তোমাদের কী মনে হয় ? তোমরা নিজেরাই ঠিক করো চামেলি কী করছিল না-করছিল, তারপর ওপরের প্রশ্নগুলোর উত্তর লেখো। শুধু "ইয়েস", "নো" লিখলে হবে না, গোটা গোটা বাক্য রচনা করে লিখতে হবে। চামেলির সঙ্গে তোমাদের তো বেশ পরিচয় হয়ে গেছে, এই পার্টির সময়ে সে কী করবে না-করবে তা তোমরাই আন্দাজ করো।

যাই হোক্, এখন আজ রবিবারের সকালবেলাকার কথা বলি :

It is Sunday morning.

The time now is half-past six.
Mr. Roy is still in bed.
So is Mrs. Roy.
So are Chambal and Chameli.
Mrs. Roy will get up at seven.
Mr. Roy will not get up till half-past seven.
Chameli will be up by eight.
We don't know when Chambal will leave his bed.

এই ছুটির দিনের সকালবেলাকার কথা আরও চলবে।
তার আগে এই বাক্যদুটোও দেখে নাও :

When will Chambal get up?
We don't know when Chambal will get up.

## ছুটির দিনের ভাবনা

ঘুম ভেঙেছে, আলস্য কাটেনি। চামেলির মা ছাড়া সবাই এখনো বিছানায়।

Only mother's up and about.
Others are still in bed.

হলই বা ছুটির সকাল, মায়ের কি উপায় আছে বিছানায় শুয়ে আলস্য উপভোগ করবার ? এক্ষুনি রাক্ষুসে খিদে নিয়ে ছেলেমেয়েরা জেগে উঠবে না ? ধোপা আসবে একটু পরে, তার জন্যে ময়লা জামাকাপড় ঠিক করে রাখতে হবে। বাজারে যে যাবে তাকে ফর্দ বুঝিয়ে দিতে হবে। মায়ের কি কোনো ছুটি আছে ?

The children will soon be up.
They'll be very hungry.
They'll want large breakfasts.
The dhobi will call for the dirty linen.
The bread-van will arrive with fresh loaves.
The milk-man will bring milk.
Mother'll have a thousand things to see to before the others are awake.

এবারে দেখি অন্যেরা কী করছে। কিন্তু তার আগে, বলো তো, এই কথাগুলোর মানে বুঝতে পেরেছ তো ?

Mother's up and about.
The dhobi will call.
Mother'll have a thousand things to see to.

চামেলি বিছানায় শুয়ে-শুয়ে ভাবছে :

I won't (will not) get up now.
I won't get up till Ara comes and calls me.
Will Ara come?

Will she call me?
I'm afraid she won't.
She won't ever come back.
I'll (I shall) be so unhappy if Ara doesn't come back.
I'll have no one to play with.

চম্বলের ভাবনা :

I hope it doesn't rain today.
If it rains it'll (it will) spoil my holiday.
I shan't (shall not) be able to go out.
Mother won't let me.
My friends won't be able to come to my house.
I'll (I shall) be bored.

If it's fine I'll (I will) go to Kunal's house. Kunal and his sister Malabika and I will have a picnic. Won't (will not) it be nice if we can have the picnic?

এতক্ষণে নিশ্চয় বুঝতে পেরেছ :

I'll=I will; I'll=I shall; I won't=I will not.
I shan't=I shall not; They'll=They will.

# ভবিষ্যতের কথা ভাবো

বিছানায় শুয়ে শুয়ে চামেলি আর চম্বল যা ভাবছিল তার মধ্যে আমাদের কিছু ভাববার কথা আছে।

চামেলি :

I won't (will not) get up now. (1)
I'll (I shall) have no one to play with. (2)

চম্বল :

I shan't (shall not) be able to go out. (3)
Mother won't (will not) let me. (4)
I'll (I will) go to Kunal's house. (5)

আমাদের ভাবনা এই চারটে কথা নিয়ে :

Will, shall, won't (will not), shan't (shall not)

একটা জিনিস নিশ্চয় লক্ষ করেছ : (১নং ও ৫নং বাক্য দেখ)

I'll=I will, I shall.

এইবার এসো ভেবে দেখি এক ভবিষ্যতেরই কথা বলতে গেলে দুটো আলাদা শব্দ কেন লাগছে। আচ্ছা, তুমিই বলো তো, নীচের দুটো বাক্যে ভবিষ্যতের যে ধরনের কথা বলা হল, তার মধ্যে কি কোনো তফাত নেই?

(a) I'll be thirteen on my next birthday.
(b) I'll ask my friends to my birthday party.

বুঝতে পারছ তো ? এই দুটো বাক্যের প্রথমটাতে যে ভবিষ্যতের ঘটনার কথা বলা হয়েছে, তার ওপর যে বলছে তারকোনোহাত নেই ; সে ইচ্ছে করুক বা না করুক তা হবেই। আরেকটা বাক্যে সে কী করবে, কী করতে চায়, তা-ই সে বলেছে।

অতএব :

In sentence (a): I'll=I shall.

In sentence (b): I'll=I will.

তফাতটা স্পষ্ট দেখা যায় না-বাচক বাক্যে :

(a) I shan't be able to go out if it rains.

(b) I won't get up now.

কিংবা ধরো :

(a) I won't neglect my studies.

(b) I shan't get a good report from school if I neglect my studies.

নিজের কথা বলতে গেলে এই রকম নিয়ম ; অন্যের কথা বলবার সময়ে কিন্তু সাধারণত এ-রকম পার্থক্য করা হয় না।

Chameli will have no one to play with.

Chambal will not be able to go out if it rains.

He'll be thirteen on his next birthday.

Mother won't let him go out.

I hope you'll enjoy the book.

Won't you sit down?

অর্থাৎ

You'll=You will.

You won't=You will not.

★ ★ ★

অতীত, বর্তমান আর ভবিষ্যৎ নিয়ে অনেক কথা হল। তার মানে, কী হয়েছে, কী হয় কিংবা হচ্ছে, আর কী হবে। এবারে, কী হওয়া উচিত, করা উচিত, এ নিয়ে কথা দেখবে।

# ছুটির দিনের মজা

রবিবার। বেলা সাড়ে-নটা। নীল আকাশ ঝকঝক করছে। কোথাও মেঘের চিহ্ন মাত্র নেই। চম্বলের তাই আজ খুব ফুর্তি। দেখা গেল সে তার সাইকেলটি বের করে কোথায় যেন যাবার জন্য তৈরি।

Milly: Where are you going?

Chambal: Out.

তার এখন বেশি কথা বলবার সময় নেই। কিন্তু বেরোবার মুখেই বাবার সঙ্গে দেখা। কাজেই আরেকটু সময় খরচ করতেই হল।

Father: Where are you off to, Chambal? You seem to be in a great hurry.

Chambal: I'm going to Indranil's house, Dad.

Father: Indranil? Do I know him?

Chambal: I don't think so, Dad. But he's a very good friend of mine.

Father: Is he? Why don't you ask him to tea some day, then?

Chambal: May I, Dad? I'm sure he'll be very glad to come.

Father: And I'm sure Mother will be very glad to have him. So shall I.

Chambal: Good. I'll tell Mother.

এ পর্যন্ত তো ভালই হল। কিন্তু এর পরই বাধল গণ্ডগোল। সাইকেলে চাপতে যাবে চম্বল, এমন সময়ে বাধা পড়ল।

Father: Just a minute, Chambal. What's the time now?

Chambal: I don't know Dad. Almost ten, I suppose.

Father: Oughtn't you to be doing your lessons now? Have you done your home-work?

Chambal: Oh, yes, Dad. I've finished it. Please, may I go now. It's very important.

Father: Really? May I ask why?

Chambal: We're going to have a picnic!

Father: Who will be at the picnic?

Chambal: Indranil and his sister Malabika and one or two other friends.

Father: Where are you going to have it?

Chambal: There's a beautiful garden at the back of Indranil's house. We'll have the picnic there.

Father: Well, it sounds quite nice. When will you be home?

চম্বলদের পিকনিকের কথা পরের বার হবে। এখন এই কথাটা লক্ষ করো :

Oughtn't you be doing your lessons now?

এ কথাটা এ-ভাবেও বলা যায় :

You ought to be doing your lessons now, oughtn't you?
[Oughtn't you=Ought not you]

এই বাক্য দুটি ভাল করে দ্যাখো :

You ought to be doing your work now.
Oughtn't you to be doing your work now?

এরপর দেখবে যা করতে হবে, তাই নিয়ে কথা।

# সাইকেলে চম্বল

বন্ধুর বাড়িতে চম্বল যখন পৌঁছল তখন প্রায় পৌনে-এগারোটা। এত দেরি অবশ্য হত না। মা সব সময় ওকে সাবধান করে দিয়ে বলেন, "রাস্তা দিয়ে কখনও জোরে সাইকেল চালাবে না। যদি কোনওদিন দেখি জোরে চালিয়েছ, সঙ্গে সঙ্গে সাইকেলে তালা-চাবি দেব।" তারপর ? ওরেব্বাস্ ! সে-কথা ভাবতে এখনও তার মাথা ঝিম-ঝিম করছে !

Chambal saw a small crowd in the street.
He was in a hurry, but he had to stop.
He got off his bicycle.
It was nearly half-past ten.
He knew his friends would be waiting for him.
"My friends will be waiting for me," he said to himself.
But he felt he had to see what was happening.
"What's happening?" He wondered.
"I just have to see what is happening," he thought.
The people were standing in a ring.
They were talking in an excited manner.
"How terrible!" some were saying.
"Where's the lorry?" some were asking.
"It was the boy's fault." one said, "he was riding too fast."
Someone asked the crowd to stand away.
"Get an ambulance!" someone cried.

চম্বল সাইকেল নিয়ে এগিয়ে গেল।

He peered in through the crowd.
He looked just once.
Then he turned away.
He had to.
His head reeled.
He felt sick.
He felt weak in the knees.
He couldn't get on his bicycle.
He felt he must sit down for a while.
"I must sit down for a while," he said to himself.
It was sometime before he could start for his friend's house again.

সব কথা শুনে কুণালের মা খুব রাগ করলেন।

You think you have to reach your friend's house in time.
You think it's very important.
You think you mustn't keep your friends waiting.
Well, that may be important.

But what about your mother?
Won't she be waiting for you, too?
Won't she be anxious if you don't get home in time?
Hasn't she told you not to ride too fast?
Do you suppose you have to think only of your friends?
Do you suppose you need not think of your mother, too?

এটা পড়ার সময়ে এই কথাগুলোর ওপর বিশেষ লক্ষ রাখবে :

have to, must, need not.

এ নিয়ে আরও কথা হবে।

# তোমাদের লেখা

কোথায় ছিল চামেলি, যখন বাগানে তার দাদা বন্ধুদের নিয়ে খাওয়া-দাওয়া আর হৈ-হুল্লোড় করছিল ? কী করছিল সে ? "রবিবারের সকাল"-এ এই নিয়ে কয়েকটি প্রশ্ন তোমাদের দিয়েছিলাম, মনে আছে তো ? তোমরা অনেকে সে-সব প্রশ্নের উত্তর পাঠিয়েছ। তার মধ্যে কয়েকজনের লেখা বেশ ভাল হয়েছে। এবার তাদের নাম ছাপার পালা। কিন্তু তার আগে এ-বিষয়ে দু'-চারটি কথা বলে নিই।

প্রশ্নের উত্তর অনেক সময়ে খুব সংক্ষেপেও দেওয়া যায়, আবার একটু বেশি খবর-টবর দিয়ে উত্তরটাকে একটু বড়ও করা যায়। যেমন ধরো, প্রথম প্রশ্নটার উত্তর রুবি, আবীর, মহুয়া আর অদিতি, এক-একজন এক-এক রকম দিয়েছে।

Q. Where was Chameli?

Ans (1) *Chameli was in her room.* (Abir)

(2) *Chameli was in her room* when it was raining. (Ruby)

(3) Like all the others, *Chameli too was in the garden.* (Mahua)

(4) *Chameli was* out *in the garden* with her brother Chambal and the other children. (Aditi)

এদের প্রত্যেকেই ভাল লিখেছে, কেননা প্রত্যেকেই ইংরেজি বাক্যের আসল কাঠামোটা ঠিক বজায় রেখেছে। কাঠামোটা হল :

Chameli was in her room.
Chameli was in the garden.

এর সঙ্গে কেউ হয়তো বাড়তি খবর দিল : তখন বৃষ্টি হচ্ছিল কিংবা বাগানে আর কারা ছিল, ইত্যাদি। কিন্তু কাঠামোটা ঠিক রাখা চাই।

(এতদিনে তোমরা নিশ্চয় জেনে গেছ, প্রশ্ন করতে গেলে কাঠামো কী রকম হয় আর এমনি সাধারণ ভাবে কাঠামো কী রকম হয়।)

কিংবা ধরো তিন নম্বর প্রশ্নটা :

Was she having fun, too?

এর উত্তর খুব সংক্ষেপে দেওয়া যায় :

No, she was not.

Yes, she was.

আবার, রুবির মতো খুলে বলা যায় :

No, as she did not like boys.

She could not have any fun with them.

অর্থাৎ

(1) Chameli did not like boys.

(2) She could not have any fun with them.

কিন্তু এ-দুটো বাক্য জুড়ে একটা করে দেওয়া যায়

Chameli did not like  boys,   she could not have any fun with them.

আবার, রুবি যেমনভাবে জুড়েছে, তেমনিভাবে জোড়া যায়। অর্থাৎ রুবি দুটো প্রশ্নের উত্তর একই বাক্যে দিয়েছে।

Q. 1. Was Chameli having fun too?

Q. 2. Why wasn't she having fun?

(Wasn't she = was she not)

এবারে যারা ভাল লিখেছে তাদের নাম :

রুবি রায় (কলকাতা), অদিতি মিত্র (দুর্গাপুর), মহুয়া ঘোষ (কলকাতা), আবীর অধিকারী (শ্রীরামপুর)।

# তোমাদের লেখা, আরও

"রবিবারের সকাল"-এর প্রশ্ন নিয়ে তোমাদের লেখা আরও কিছু আমার হাতে পৌঁছেছে। তার মধ্যে দুর্গাপুরের অতনু ঘটক ভাল লিখেছে। আর আসামের জাগী রোডের সুদিনকুমার ধরের নামও করছি, কেননা সুদিন আমাকে একটা দরকারি কথা বলবার সুযোগ করে দিয়েছে।

১ নম্বর আর ৪ নম্বর প্রশ্নের উত্তর সুদিন এইরকম দিয়েছে :

Q. 1. Where was Chameli?

Ans. Chameli was at home.

Q. 4. Was she out in the garden?

Ans. No, she was at home.

প্রথম প্রশ্নের উত্তর ঠিক আছে, বলবার কিছু নেই। কিন্তু চতুর্থ প্রশ্নের উত্তরটা পড়বার সময়ে মনে রাখতে হবে, বাগানটা চামেলিদের বাড়িরই বাগান! 'হোম' বলতে বাগান-টাগান সুদ্ধ একজনের বাসস্থান বোঝায়, আর তার মধ্যে বাড়িটিকে বলে "হাউজ"। আবার, যদি কেউ দশতলা অট্টালিকায় একটি দু' ঘরের ফ্ল্যাট নিয়ে থাকে তবে সেই ফ্ল্যাটটিই তার হোম। তবে হোটেল-বোর্ডিঙে থাকলে অবশ্য আলাদা কথা, তাকে ঠিক হোম বলা যায় না।

যাই হোক, চামেলি যদি বাগানে থাকত তা হলে সেটা বাড়িতে থাকাই হত,

যদিও বাড়ির ভেতরে থাকা হত না। এখন, চামেলি আছে কোথায় ? বাড়ির ভেতরে আছে, বাগানে নেই।

Chameli is at home.
She's not in the garden.
She's in the house.

আবার চামেলি যদি বাগানে থাকে

Chameli is at home.
She's not in the house.
She's out in the garden.

ধরো, চম্বলের পার্টি যখন চলছিল, তাকে মাঝে-মাঝে বাড়ির ভেতরে যেতে হচ্ছিল এটা-ওটা আনবার জন্য।

Chambal had to go into the house every now and then.
Chameli never came out of the house into the garden.
Both Chameli and Chambal were at home.
Chambal was in the garden.
Chameli was in the house.

কিংবা একজন বাড়ির ভেতরে, আরেকজন বাইরের বাগানে, এ-কথাটা আরো ভাল করে বোঝাবার জন্যে :

Chameli was inside the house.
Chambal was out in the garden.

কিন্তু মা ?

Mother was sometimes in the house and sometimes in the garden.
She was moving between the house and the garden.

অর্থাৎ ৪ নম্বর প্রশ্নের উত্তর যদি সুদিন এইরকম লিখত, তাহলে ভাল হত :

Q. 4. Was she out in the garden?
Ans. No, she was inside the house.

এর পরের বার থেকে আবার চামেলিদের গল্প আরম্ভ হবে।

# পিকনিকের মজা

পিকনিক খুব জমে উঠেছে। রান্নাবান্নার হ্যাঙ্গাম নেই। বাজার থেকে টুকিটাকি খাবাব জিনিস এসেছে। হৈ-হুল্লোড় এমন চলেছে যে, পাড়ায় কোথাও কাক-চিল বসতে পারছে না। তারই ফাঁকে-ফাঁকে লেবেনচুষ, চানাচুর-ভাজা, কমলালেবু এসে পড়ছে আর আসা মাত্র যেন ভোজবাজির মতো হাওয়া হয়ে যাচ্ছে। মাঝে মাঝে ইন্দ্রনীল বাড়ির ভেতরে গিয়ে মাকে অস্থির করে তুলছে।

Indranil: Mummy, We've nothing to eat. We're starving.
You have to give us something to eat.
Mother: It seems I must.

Indranil: May we have some more "chanachur", Mummy? It was so nice!

Mother: No. You've had enough of "chanachur". Too much of that hot, spicy stuff is bound to disagree with you. You mustn't be greedy. I'll see about more oranges and bananas though.

Indranil: Oh, Mummy, you needn't be afraid. We're so hungry, we'd digest anything.

So, Mother had to send for more oranges, bananas and apples.

Meanwhile, the children were having games in the garden.

কী খেলা হচ্ছিল, শুনবে ? ভারী মজার একটা খেলা। খেলাটার নাম :

TAILING THE ELEPHANT

There was a black-board in the garden. Somebody had drawn an elephant on the black-board with a piece of chalk. The children had gathered round it. One of them had a strip of cloth covering his eyes. He was thus blind-folded. There was a thin strip of paper in his hand. He was made to stand at some distance from the black-board.

The elephant on the black-board had no tail. The thin strip of paper was its "tail". The blind-folded boy had to walk up to the blackboard. Then he had to fix the "tail" on the elephant. He couldn't see the elephant. So he had to guess where the "tail" should go. Sometimes the children made funny mistakes.

মালবিকার বন্ধু সংগীতার পালা এল। পড়াশোনায় তার খুব মন। খেলাধুলোতেও কম যায় না।

The blind-fold was put on Sangita. She took the "tail" in her hand. With a grave face she walked straight up to the blackboard. She stood before it only for a moment. Then she raised her hand and attached the elephant's "tail" to its big belly. The children screamed with delight.

এবারে লক্ষ করো এই কথাগুলো :

You *have* to give us something to eat.

It seems I *must* (do that)

You *needn't* (need not) be afraid.

নীচের কথোপকথন থেকে ব্যাপারটা আরও পরিষ্কার হবে।

Q. Must I answer all the questions?

Ans. No, you need not. Answer only three.

Q. Does a fellow have to please everybody?

Ans. No, he mustn't try to do that.

★ ★ ★

এরপর আবার প্রশ্নের কথায় ফিরে যাচ্ছি।

## পথে সাবধান

পিকনিক সেরে চম্বল যখন বাড়ি ফিরবার জন্যে রওনা হল, তখন বিকেল হয়ে গেছে। এবার তার সাইকেল চালানো মা যদি দেখতেন তো খুব খুশি হতেন। জীবনে কোনো দিন সে এত সাবধানে সাইকেল চালায়নি। সকালবেলায় যে দৃশ্যটা দেখেছিল, সেটা তখনো তাব চোখের সামনে ভাসছিল। কাজেই, একটু ভয় তো ছিলই, নানারকম ভাবনাও আসছিল তার মনে।

Who was the man?

Chambal wondered what his name was.

Is he still alive?

Chambal hadn't asked anybody if the poor fellow had died at once.

Was it a boy, like himself?

Chambal wondered how old he was.

Then he remembered some people saying it was a boy. How badly injured was he? Chambal wished he knew whether it was really the boy's fault.

তার নিজের কথা মনে হল।

"Do I ride too fast?"

He asked himself whether he shouldn't be more careful.

"Should I not pay more attention to what Mummy says?"

"Of course I'm a good cyclist."

He wished to know if the boy was a good cyclist, too.

"Perhaps he was."

"Perhaps he was careless for a moment."

"Perhaps he was in a hurry."

"I'm often in a hurry myself."

"What will Mummy say when I tell her about the accident?"

"She'll say, 'Do you know.... was?'"

"She'll say, 'Did you ask.... name?'"

She'll want to know if the boy belonged to our neighbourhood.

কিন্তু বাড়ি ফিরে চম্বল দেখল মায়ের বেশির ভাগ প্রশ্ন তাকে নিয়ে।

After a few enquiries about the accident, Mother said, "And what about yourself? I hope you remember what I told you about riding too fast?"

She wanted to know whether Chambal remembered her warning. Chambal said he did. "What do you think, Mummy?" he added, "Am I a fool? They taught us the rules of the road at school."

Mother enquired what he had been taught. "What have you been taught about crossing the street?" She asked.

রাস্তা পেরোবার নিয়ম-কানুন তোমরা জানো তো ? না জেনে থাকলে বড়দের কাছে ভাল করে জেনে নিও। এদিকে আমরা ইংরেজিতে প্রশ্ন জিজ্ঞেস করার ব্যাপারটা আরেকটু জেনে নিই।

What's your name?

May I know your name?

বুঝতেই পারছ ওপরের দুটো একই প্রশ্ন। আবার দেখ :

Chambal asked, "Is he badly injured?"

Chambal wondered if he was badly injured.

এ দুটোও তাই, যদিও দ্বিতীয় প্রশ্নটা ঠিক প্রশ্নের আকারে নেই। তেমনি আবার :—

Mother asked, "What have you been taught?"

Mother enquired what he had been taught.

★ ★ ★

প্রশ্নের পালা আপাততঃ শেষ হল। এবারে দেখা যাক, কোনও একটা বিষয় নিয়ে লিখতে গেলে কীভাবে লিখতে হয়।

## চামেলির লেখা

চামেলি খুব মন দিয়ে কী যেন লিখছে। হ্যাঁ, আমরা ওর ঘাড়ের ওপর দিয়ে উঁকি মেরে দেখি কী লিখছে। প্রথমেই বড় বড় অক্ষরে লিখেছে :

MY CAT

আসলে, বাবা বলেছেন, "মিলি, কান্নাকাটি করলেই কি আর আরাবল্লি তাড়াতাড়ি ফিরে আসবে ? তার চেয়ে লেখো না, আরাবল্লির কথা ? নেহাত যদি ও ফিরে না আসে, তোমার বন্ধুরা তোমার লেখা পড়ে ওর কথা জানতে পারবে। ওর কথা মনে রাখবে। এমনি করেই তো যে চলে যায় তার স্মৃতি অক্ষয় হয়ে থাকে।" তাই চামেলি লিখছে :

MY CAT

I had a cat. Her name was Araballi.

এ পর্যন্ত লিখে মিলির মনে হল, "এ আবার কী ? আরা কি একেবারেই চলে গেছে নাকি ? আর আসবে না ? নিশ্চয় আসবে। কোথাও বেড়াতে গেছে, যেই আমার জন্যে মন কেমন করবে, আবার চলে আসবে।"

কেটে দিয়ে সে আবার লিখতে আরম্ভ করল :

I have a cat. Her name is Araballi. She loves fish and milk.

She plays with me. I take her to bed with me. She catches mice. She mews when she's hungry and purrs when she's happy. She is a nice cat.

বাবা দেখে বললেন, "লেখাতে কোন ভুল নেই, কিন্তু এ কি তোমার বন্ধুদের পড়তে ভাল লাগবে ? এমন ভাবে লিখতে হয় যাতে প্রথম বাক্যটা পড়েই আরো পড়তে ইচ্ছে করে। ধরো, তুমি যদি এইভাবে শুরু কবতে :

Some people prefer dogs or goldfish or budgerigars, but my pet is a cat.

তারপর, ধরো তার নামের কথা। কী করে নাম হল আরাবল্লি ? যদি লেখ, পড়তে ভাল লাগতে পারে :

I call her Araballi because she turned up at our house just after we had returned from Rajasthan. We'd been there for our Puja holidays. Araballi is the name of a famous mountain in Rajasthan.

এইরকম ভাবে মিলির বাবা বলে গেলেন কী করে সে লেখাটাকে এমন করতে পারে যাতে যে পড়বে তার নেহাত শুকনো, নীরস মনে না হয়।

I have a cat.

এই বাক্যটিকে যদি একটি মাত্র শব্দ জুড়ে দিই সঙ্গে সঙ্গে এর মনোযোগ আকর্ষণ করবার ক্ষমতা বেড়ে যায় :

I have a black cat.

ছবিটা আরও জ্বলজ্বলে হয়ে ওঠে যদি লিখি :

I have a black cat with eyes that shine in the dark.

অবশ্য আরাবল্লী কালো নয়, ধবধবে সাদা। কাজেই চামেলি লিখতে পারত :

I have a cat, white as snow, who always keeps herself very clean.

কী করে পরিষ্কার রাখে সে নিজেকে ?

She licks herself all over. She licks away the dirt. When she's doing that Mother would sometimes say, "Look, how Araballi's washing herself."

এবার তোমরা নীচের বাক্যগুলোর বদলে এমন এক-একটি বাক্য লেখো যা আরেকটু ইনটারেস্টিং।

a) She plays with me.
b) She is a nice cat.
c) She catches mice.

# মিলির খারাপ দিন

ভোরে উঠেই মিলি বুঝতে পেরেছিল আজ দিনটা খারাপ যাবে। মা যেই ডেকেছেন, "মিলি, ওঠো, নইলে বাস ধরতে পারবে না", অমনি সে তাড়াতাড়ি উঠতে গেছে, দেখতে পায়নি কাঁচের প্লেটটা খাটের পাশেই ছিল। তাতে ছিল দুধ। আরাবল্লি যদি ফিরে আসে রাত্তির বেলায়, তার জন্যে ব্যবস্থা। পড়বি তো পড় মিলির পা সেই দুধের প্লেটে। ফলে প্লেট ভাঙল আর মিলি খেল এক আছাড়।

"It's going to be a bad day," Milly said to herself.

তারপর ইস্কুলের বাসে তাড়াতাড়ি করে উঠতে গিয়ে আরেকটা আছাড় আরেকটু হলে খাচ্ছিল, বাসের কনডাকটর মিশ্রজী চট করে ধরে ফেললেন। তাই বেঁচে গেল।

"It *is* going to be a bad day," Milly repeated to herself.

ইস্কুলে গিয়ে তার সবচেয়ে প্রিয় বন্ধু বর্ণালীর সঙ্গে ঝগড়া হয়ে গেল, কপিলদেব ভাল না গাভাসকার ভাল তাই নিয়ে।

"I knew something like this was going to happen," Milly thought.

শুধু তাই নয়, কথা বলার জন্য মিস দোসানি আবার মিলিকেই বকলেন, যদিও বর্ণালীরই দোষ। অবশ্য এখন মনে হচ্ছে বর্ণালীরও দোষ নেই, আজ দিনটাই খারাপ, নইলে প্রিয় বন্ধুর সঙ্গে কারো ঝগড়া হয়? তা আবার মিস দোসানির ক্লাসে? উনিই তো একদিন মিলির আনন্দমেলা কেড়ে নিয়েছিলেন। নতুন আনন্দমেলাটা সেদিন সকালেই দিয়ে গেল, মিলি ভাবল, টিফিনের সময়ে একটু পড়ব। মিস দোসানির ক্লাসে বাক্স থেকে বের করে রাজসীকে খালি একটু দেখাতে যাচ্ছিল, ব্যস, সঙ্গে সঙ্গে তাঁর চোখে পড়ে গেল?

"What have got there, Chameli? May I see it, please?"

"It's a magazine, Miss. I wasn't reading it. I was only—"

"Bring it over, will you?"

পুরো এক সপ্তাহ মিস দোসানি আনন্দমেলাটা আটকে রাখলেন, তারপর ফেরত দিলেন। দাদা ঠাট্টা করে তখন বলেছিল, "তোদের দিদিমণি তো বাংলা ভাল জানেন না, তাই অত দিন লাগল পড়তে।" মিস দোসানিকে তো দাদা চেনে না, কীরকম কড়া। একবার যদি দাদাকে ক্লাসে পেতেন, ঠাট্টা করা বের করে দিতেন।

যাই হোক, আজকের দিনটা যে খুব খারাপ সে তো দেখাই যাচ্ছে। বাড়িতে মায়ের বকুনি, ইস্কুলে বকুনি, তার ওপর বন্ধুর সঙ্গে ঝগড়া। আরো কী কী হবে কে জানে। কে জানে আরো কত দুর্ঘটনার কথা আজ রাত্তিরে ডায়েরিতে লিখতে হবে।

★ ★ ★

রাত সাড়ে আটটা। মিলি ডায়েরি লিখছে:

As soon as I got up this morning, I knew it was going to be a bad day. I put my foot in a saucer with milk in it. The milk was for Araballi in case she came back during the night. I stumbled and fell down and broke the saucer. Then I was sure it *was* going to be a bad day.

Next, at school I had a quarrel with Barnali, My best friend. I was not surprised because I knew something like that was going to happen.

Then Miss Dosani scolded me for talking in class. Again, I wasn't surprised. I didn't tell her that Barnali was talking more than I was.

✶ ✶ ✶

এবারে লক্ষ করো :

"It's going to be a bad day," said Milly to herself.

Milly said to herself that it was going to be a bad day.

এ নিয়ে আরো কথা হবে।

★ ★ ★

কেউ কিছু বলল, কিংবা জিজ্ঞেস করল, সে-কথাটা দু রকম ভাবে বলা যায়— । আগেও তা দেখেছ। এখন সেই ব্যাপারটাই আরেকটু ভাল করে শিখে নেওয়া যাক।

## প্রতিবেশীর বিপদ

রাত্রি আটটা বাজে। বাড়ি চুপচাপ। মিলি আর চঞ্চল পড়াশোনা করছে। মা বাড়িতে নেই। পাশের বাড়ি বেড়াতে গেছেন। বাবার এক হাতে খবরের কাগজ, আরেক হাতে পেনসিল। ক্রস-ওয়ারড করছেন। ঠিক কথাটি যখন মনে আসছে না, পেনসিল কামড়াচ্ছেন।

এমন সময় সদর দরজায় ঘণ্টি বেজে উঠল। 'মা এসেছে' বলে মিলি তাড়াতাড়ি গিয়ে দরজা খুলে দেখে গীতাদের মলিনাদি। দুতিনখানা বাড়ির পরে গীতাদের বাড়ি। তার ভাই অর্জুনকে মলিনাদি দেখাশোনা করেন। তাঁর সঙ্গে মিলির কী কথা হল, আমরা মিলির কাছ থেকেই শুনি :

Father: Who was that, Milly?

Milly: It was Molinadi, Daddy.

Father: What did she want?

Milly: She asked if Arjun was here.

Father: Arjun? Oh, Mr. Singh's son. Can't they find him? What did Molina say?

Milly: She only said that nobody had seen Arjun for more than an hour.

Dr. Roy was alarmed. He asked Milly a few more

questions. Then he thought he'd better go and see Gita's parents. So he walked over to their place. He found them in the street in front of their house. As soon as Mr. and Mrs. Singh saw Dr. Roy they rushed to him. Mrs. Singh cried out, "Oh Dr. Roy, have you seen our Arjun?"
"No, Mrs. Singh, not since I came home. When did you see him last?"

Mrs. Singh was shaking with fear. Mr. Singh's face was drawn and his eyes showed strain.

পুলিসে খবর দেওয়া হয়েছে। পাড়ার ছেলেমেয়েরা বেরিয়ে পড়েছে, সমস্ত এলাকা জুড়ে খুঁজে বেড়াচ্ছে। চম্বল বইপত্তর টেবিলে ছড়িয়ে রেখে সাইকেল নিয়ে বেরিয়েছে। মিলি মায়ের সঙ্গে রাস্তায় দাঁড়িয়ে। সব বাড়ি থেকেই বড়রা বাইরে এসে দাঁড়িয়েছেন। মলিনা বেচারি মুখ চুন করে এদিক-ওদিক ঘুরছে। তারই দোষ। তার কাছ থেকে ঘটনার এই রকম বিবরণ পাওয়া গেছে।

At about half-past six Molina brought Arjun home from the nearby park. The boy asked her when his parents would come home. Molina said they'd be back soon. They were out shopping. Then the boy asked Molina to bring him her picture-books. When he had his picture-books he took them to Gita and asked her to read him stories from it. Molina asked Gita if she would keep an eye on Arjun while Molina ran home to see her mother. Her mother was ill. She thought she'd be back in a few minutes. But she was delayed because her mother was very unwell and she had to fetch a doctor. When she returned to Mr. Singh's house it was nearly a quarter to eight. Arjun was not there. Gita couldn't say where he was.

আমাদের মনে হয় অর্জুনকে পাওয়া যাবে। ততক্ষণ লক্ষ করো :

a) "Who was that, Milly?"

কথাটা কে বললেন ? বাবা। অর্থাৎ :

b) Father asked Milly who that was.

তেমনি আবার :

a) "Will you keep an eye on Arjun, Gita?"

b) Molina asked Gita if she would keep an eye on Arjun.

এবারে তোমরা আজকের ঘটনায় কে কী জিজ্ঞেস করল আর কে কী বলল এই রকম ভাবে বদলে বদলে লিখতে পারো ?

কিন্তু অর্জুনের কী হল ?

# অর্জুনকে পাওয়া গেল

It's thirty-five minutes past eight.
Arjun has been misssing since a little before seven.
The boy has been missing for more than an-hour-and-a-half.

সত্যিই ভাবনার কথা। গেল কোথায় ছেলেটা ? পাড়ার কোনো রাস্তায় নেই, তন্নতন্ন করে খোঁজা হয়েছে। তা ছাড়া বন্ধুবান্ধব, আত্মীয়-স্বজনের বাড়িতেও খোঁজ করা হয়েছে। কেউ জানে না, কেউ দেখেনি। পুলিসেও খবর গেছে। তাদের বেতার-গাড়িগুলো চার দিকে নজর রাখছে। আর, পাড়ার বড় ছেলেমেয়েরা তো আছেই। তাদের কেউ আর বাড়িতে নেই, অনবরত চক্কর দিচ্ছে রাস্তায়। সব মায়ের মুখ শুকনো, বাবারা কেউ গাড়ি নিয়ে, কেউ স্কুটার নিয়ে এ-দিক ও-দিক বেরিয়ে পড়েছেন। আর, পরামর্শ তো অনবরত চলছেই, কী করা যায় ? করবার তো কিছুই বাকি নেই।

হঠাৎ, একটা কথা মনে হল চামেলির বাবার—

How did the boy get out of the house?
Could he open the front door?
He certainly could not.
Somebody must have left it open.
Who had left the front door open?
Did Molina forget to close it when she went home?

মলিনা ? মলিনা কোথায় গেল ? সিঁড়ির নীচে বসে বসে মলিনা কাঁদছিল।

Molina, come here.
Now, tell us exactly what happened.
Did you forget to close the front door when you went home?
Come, come, don't cry. Pull yourself together.
You must help us.
Molina was very positive.
"No," she said, "I didn't leave the front door open."
"I pulled it to" she said.
"How did you get in when you returned?"
"I had the key with me. I let myself in."
"Are you telling the truth?"
"I am, I am. The door was closed while I was away."

কাজেই দেখা যাচ্ছে :

Molina closed the front door when she went out.
She found it closed when she came back.
So, the front door must have been closed while Molina was away.

Therefore, it was impossible for Arjun to get out while Molina was away.
He hasn't gone out since Molina came back.
He must be in the house!
He is!

চলো, দেখে আসি অর্জুন কোথায়।

There is a small, quiet room at the back of the house.
There is a big bed in the room.
Arjun is lying under the bed.
He is fast asleep.

সেইখানেই অর্জুনকে পাওয়া গেল।

Arjun was sleeping while the search was going on for him.
It was ten minutes to nine when he was discovered there.

★ ★ ★

যখন খোঁজ চলছে, তখন অর্জুন ঘুমিয়ে।
যখন তাকে পাওয়া গেল, তখন নটা বাজতে দশ মিনিট।
এ ধরনের কথা বলতে ইংরেজিতে While, when এ দুটি শব্দ দিয়ে কীভাবে বাক্য তৈরী হয় দেখলে। এবারে একটু অন্য কথা হবে।

## তুমি পরীক্ষা নাও

আমাদের এই সহজে ইংরেজির ক্লাসে পরীক্ষা-টরিক্ষার বালাই বিশেষ থাকছে না, তা তো দেখতেই পাচ্ছ। কিন্তু, ধরো, যদি চামেলিদের প্রতিবেশী অর্জুনের হারিয়ে যাওয়া নিয়ে ছোট-খাটো একটা পরীক্ষার মতোই নেওয়া যায়, তো কেমন হয়? ধরো, তুমিই পরীক্ষক, চম্বল আর চামেলি তোমার ছাত্র-ছাত্রী। মৌখিক পরীক্ষা হচ্ছে, তুমি প্রশ্ন করছ, ওরা ভাই-বোনে উত্তর দিচ্ছে।

You: How long was Arjun missing?
Chambal: He was missing for almost two hours.
You: When did you first hear about it?
Chambal: I first heard about it a little after eight in the evening.
You: What did you do then?
Chambal: I went to Mr Singh's place as fast as I could.
You: Were there many others there?
Chambal: Yes. As many as twenty to twentyfive people had got there.
You: What were they all doing?
Chambal: They were doing as much as they could to find the boy.

এতক্ষণ পর্যন্ত তোমার প্রশ্নগুলো আমিই করে দিচ্ছিলাম। এবারে তিনটে

প্রশ্ন তোমাকে নিজেকেই বানাতে হবে। চম্বলের উত্তরগুলো আমি দিয়ে দিচ্ছি :

You: ......?

Chambal: It was impossible for the boy to go out because the front door was closed all the time.

You: .....?

Chambal: Nobody had thought of this because all were excited and nervous.

You: ....?

Chambal: I felt happy when the boy was found.

এবার চামেলির পালা :

You: Tell me what you thought when Arjun was missing, Chameli.

Chameli: I thought wicked people had stolen him.

You: Had they, actually?

Chameli: No, but that's what I thought as soon as I heard Arjun was missing.

এরকম আরো অনেক প্রশ্ন তুমি করতে পারো। কে কত প্রশ্ন করতে পারো অর্জুনের হারানোর ব্যাপারটা নিয়ে, করো তো দেখি ?

তাছাড়া, এই বাক্যগুলোও লক্ষ করো :

(a) I went to Mr. Singh's place *as fast as* I could.

(b) *As many as* Twenty people had got there.

(c) they were doing *as much as* they could to find the boy.

আর কোনো বাক্য ওপরে খুঁজে পাও কিনা দেখ তো, যাতে এই ধরনের কথা আছে।

★ ★ ★

একটার সঙ্গে তুলনা দিয়ে আরেকটা কিছুর কথা, কী ভাবে ইংরেজিতে বলে এবার সেই কথা চলবে।

## ছোট-বড়

চম্বলবাবুর একটা মস্ত নালিশ, তার ছোট বোন মিলি তাকে দাদা বলে একদম মানে না। খালি সব সময়ে তর্ক আর ঝাগড়া করে। তাই, সে একদিন মাকে বলছিল :

Look, Mummy, you must ask Milly to remember that I'm five years older than her.

মা হেসে বললেন,

Not so much older, dear. Not quite five years.

Chambal: Four and a half, then.

Mummy: That's more like it. Still, that makes you old enough to think Milly is too young to argue with you.

Chambal: Please ask her not to, then.

একটু হেসে মা আবার বললেন,

How much older than you do you think I am?

Chambal: Oh, I don't know. A great deal, I expect.

Mummy: Don't you often argue with me?

Chambal: Not as often as Milly does with me.

Mummy: That's possible. But then, you must remember that Milly is too young to know when she may argue and when she may not.

Chambal: Oh, Mummy, you're always taking her side.

Mummy: Not always, my dear. But more often than not, perhaps. But that's because, you're old enough to plead your own case.

This pleased Chambal.

এই কথাবার্তা থেকে জানা যায় :

Chambal is older than Milly. He's older by almost four years and a half.

How old is Milly?

Milly is nearly seven.

How old is Chambal?

He's a little more than eleven.

Chambal thinks Milly is too young to argue with him.

Mummy thinks Chambal is old enough to plead his own case.

তার মানে,

Milly is not so old as Chambal.

Chambal thinks Milly forgets this too often.

কিন্তু সমান-সমান বয়স হলে এই রকম :

Chambal and his friend Indranil are the same age.

Milly and Malabika are almost the same age.

মিলি আর চম্বলের কথা তো অনেক হল, এবার তুমি নিজের কথা একটু বলো।

I'm too young to....

I'm too old to...

# চামেলির বিদেশী বন্ধু

শ্রীমতী চামেলি রায়কে তোমরা নেহাত সামান্য লোক মনে কোরো না, বিদেশ থেকে তার নামে চিঠি আসে। সত্যি বলছি! আমি নিজের চোখে দেখেছি! দেখে তো আমার একটু হিংসেই হচ্ছিল, দূরের চিঠি বলতে জামসেদপুর থেকে আমি মাঝে-মাঝে চিঠি পাই বটে, আর এ একেবারে স্কটল্যানড! ব্যাপারটা কী? চামেলির মুখ থেকেই শুনি :

I've a friend in Edinburgh, Scotland. Her name is Mary Mackay. We've never met, but she's one of my very best friends. She writes to me such nice letters. She's sent me pictures of herself and her family. She has a brother. His name is Ian. Mary is eight and Ian is five. Mary's father is a solicitor. A solicitor is a lawyer. Mary wants to be a nurse when she grows up. I don't want to be a nurse. I want to be a teacher.

তাই ভাবছিলাম সেদিন। কোথায় জামসেদপুর, আর কোথায় এডিনবরা!

Jamshedpur, no boubt, is at some distance from Calcutta.
But Edinburgh is at a very much greater distance.
It takes a few hours to travel from Calcutta to Jamshedpur.
A trip to Edinburgh takes much longer.
The train fare to Jamshedpur is only a few rupees.
A trip to Edinburgh costs a great deal more.

মিলিকে লেখা মেরির চিঠি পড়ে খুবই ইচ্ছে হচ্ছিল যেতে। চিঠিটা মিলি আমাকে দেখিয়েছিল।

My dear Chameli,

Thank you for your letter of March 6. We must write to each other more often. And please write more about your school and your friends. I wish your letters were longer. My letters are longer than yours. I hope they don't bore you. But I've found it's easier to write long letters than short ones. There's always so much to write, one could go on and on. And long letters are nicer than short ones. Don't you think so, too?

Here's more about Edinburgh.

It's a great city. London is longer and has bigger buildings, but I like Edinburgh more. It's our capital city. London is more famous because it's the capital of U.K.

I wish you could see our Princes Street. My father says it's one of the widest and most beautiful streets in the whole world. It has fine shopes on one side and gradens on the other.

We've many festivals. The greatest of these is the Music and Drama Festival......

এরকম আরো কত কী লিখেছিল মেরি। আমরা এই কথাগুলো লক্ষ করি :

Edinburgh is a great city.
London is larger than Edinburgh.
Edinburgh is famous.
London is more famous than Edinburgh.

Princes Street is the widest and the most beautiful street in Edinburgh.

It's one of the widest and most beautiful streets in the world.

# কম-বেশি

চামেলি বাবাকে জিজ্ঞেস করল, "এডিনবরা কলকাতা থেকে কত দূরে, বাবা ?"

বাবা বললেন, "বাড়িতে মানচিত্রের বই আছে, তাতে এসব দেওয়া আছে। খুঁজে বের করো।"

তোমরা বের করো দেখি : (উত্তরগুলো ইংরেজিতে লিখতে হবে)

Q. How far is Edinburgh from Calcutta?

Q. How far is Paris from Calcutta?

এর পরের প্রশ্নের উত্তরটা কীভাবে লিখতে হবে আমি দেখিয়ে দিচ্ছি। অর্থাৎ উত্তরের বাক্যটা আমি লিখে দিচ্ছি, তোমরা খালি বাক্যের ফাঁক দুটো ভর্তি করে দেবে।

Q. Which is farther from Calcutta, Edinburgh or Paris?

Ans. ...is farther from Calcutta than...is.

এর মধ্যেই তোমরা কেউ কেউ একটু গুঞ্জন তুলতে আরম্ভ করেছ, আমি শুনতে পাচ্ছি : "দূরত্ব মানে কী ? জাহাজে গেলে একরকম দূরত্ব, এরোপ্লেনে গেলে আরেক রকম দূরত্ব, আবার দুটো শহরের মধ্যে সোজাসুজি লাইন টানলে আরেক রকম দূরত্ব। কোনটা লিখব ?" তিনটেই লেখো :

Q. 1. How far is Paris from Calcutta by air?

Q. 2. How far is Paris from Calcutta by the surface route?

Q. 3. How far is Paris from Calcutta as the crow flies?

তিনটের দূরত্ব পেলে। এখন এই প্রশ্নটা করা যায়।

Q.4. Which is the longest distance?

Ans. The distance by the surface route is the longest.

আরেকটা প্রশ্নও করা যায়। উত্তর তোমরা লেখো :

Q.5. Which is the shortest distance?

Ans.

এ-সব হল তুলনার ব্যাপার, কিংবা তফাত থাকা না-থাকার ব্যাপার :

Chameli and Kumkum are in the same class at school.
Kumkum is the same age as Chameli.
They share the same desk.
Chameli talks as much as Kumkum.
Kumkum can run as fast as Chameli.
Chameli can jump as high as Kumkum.

আর, যদি প্রায় একরকম হয় :

Chameli's father is almost the same age as Kumkum's.
Kumkum's brother Kamal is about the same age as Chambal.
Kamal is nearly as tall as Chambal.
Kamal loves football nearly as much as Chambal loves cricket.

তফাত থাকলে :

Kajal is taller than Kumkum.
Rajasi is shorter than Kumkum.
Kajal is the tallest of the three.

এবারে তোমরা নীচের প্রশ্নগুলোর উত্তর দাও দেখি, গোটা গোটা ইংরেজি বাক্য লিখে :

1. Which is the tallest building in the world?
2. Which is the largest land animal?
3. Is Calcutta as hot in summer as Durgapur?
4. Is Mt. Godwin Austin higher than Mt. Everest?

## খেলাধুলা

ইস্কুল থেকে ফিরেই চম্বল বলল, "মা, শিগগির খেতে দাও, এক্ষুনি যেতে হবে।"

সেদিন বিকেলে মস্ত বড় ম্যাচ, যারা জিতবে তারাই হবে ইস্কুলের চ্যামপিয়ন। খেলবে অবশ্য উঁচু ক্লাসের ছেলেরা কিন্তু চম্বলের তাড়া দেখে মনে হচ্ছে সে ঠিক সময়ে গিয়ে না পৌঁছলে খেলাই হবে না।

"Please, Mummy, hurry up! You're always so slow."

"And you're always in such a hurry."

Chambal is *often* in a hurry when he returns from school. Sometimes there's a match at school and he has to rush to the school grounds. Sometimes friends are waiting for him in the street outside and he's anxious to join them.

But big matches at school are very important. Naturally these are not very *frequent*. Matches between classes take place more often.

বড় ম্যাচের সময়ে তো দারুণ ব্যাপার। হয়তো অন্য ইস্কুলের টীম খেলতে এল।

Such big matches are played several times a year. *Sometimes* it's football, sometimes cricket.

Boys of Chambal's class don't usually play in these matches. Older boys are chosen. Chambal has never played football for his school. But he has played cricket for his school a few times. He's naturally very proud of that.

You can imagine Chambal's feelings when the games-master said to him, "You seem to be shaping up quite well as a batsman. I'll keep an eye on you." He never says such things to a boy unless there's a very good reason for it. He *seldom* shows his pleasure so openly.

তার মানে, দেখা যাচ্ছে :

(a) It's never easy for a younger boy to find a place in the school team.

(b) Boys in the lower classes are seldom chosen for the school team.

(c) Chambal was chosen to play cricket for his school several times.

(d) He's always in a hurry to reach the school grounds in time for a big match.

(e) Big matches don't take place often.

(f) Matches between classes are more frequent.

(g) Chambal usually plays for his class.

এবারে তোমরা নীচের ফাঁকগুলো ভর্তি করো। ওপরের বাক্যগুলোতে যে-সব শব্দের নীচে দাগ দেওয়া আছে, সেইগুলো ব্যবহার করতে হবে :

(1) In summer it's ........ very hot in the day time.

(2) In August rain is ........ in West Bengal.

(3) In winter the nights are ........ very cold.

(4) It ........ snows in the plains in West Bengal.

# খুনের মামলা

আদালতে বিচার চলছে। খুনের মামলা। "আসামী" চম্বল রায়। এখন সে কাঠগড়ায় দাঁড়িয়ে। তাকে জেরা করছেন "সরকারি কৌঁসুলি" সোমনাথ সিংহ। "জজসায়েব" শোভন দত্ত একটা গদি-আঁটা চেয়ারে গম্ভীর মুখে বসে আছেন।

আদালত মানে চম্বলদের বসবার ঘর। বিচার মানে একটা মজার খেলা। আর জজ বলো, ব্যারিস্টার বলো, সব চম্বলের বন্ধুরা। এইবার ব্যারিস্টার-সায়েবের জেরা একটু শোনা যাক :

*Q*. Where were you between 11-45 and midnight on the night of 18th September?

*Ans*. I was walking home from a cinema.

*Q*. Were you alone?

*Ans*. No, my friend Abinash was with me.

*Q*. What film had you seen?

*Ans*. We had seen a film called "The Gift".

*Q*. When did the show end?

*Ans*. The show ended at 11-40.

*Q*. Who had bought the tickets for the show?

*Ans*. I had bought them.

*Q*. When did you and your friend arrive at the cinema?

*Ans*. We arrived a little before the picture started.

*Q*. Which of you sat nearer the gangway?

*Ans*. I did.

*Q*. When did you reach home?

*Ans*. I reached home a few minutes after twelve.

*Q*. Did you reach home first, or your friend?

*Ans*. I reached home first.

এবারে অবিনাশের পালা। তাকে এতক্ষণ ঘরের বাইরে থাকতে হয়েছিল, যাতে সে আসামীর কথা শুনতে না পায়।

*Q*. Tell the court where you were from 11-45 to midnight on the night of 18th September.

*Ans*. I was with Chambal Ray.

*Q*. What were you doing?

*Ans*. We were walking home after seeing a picture.

*Q*. Who had bought the tickets for the picture?

*Ans*. I had.

একথা শুনে আদালতে একটু চাঞ্চল্যের সৃষ্টি হল। অবিনাশ বুঝল ভুল হয়ে গেছে। আসলে, আসামী আর তার সাক্ষীর আগে থেকেই ঠিক করে নেবার কথা, আদালতে তারা কী বলবে। কিন্তু সব জিনিস তো আগে থেকে ঠিক করা যায় না। যখন জেরার মুখে দু-জন দু-রকম বলে ফেলে, তখনই হয় মুশকিল। এইটেই খেলার মজা। অবিনাশ থতমত খেয়ে বলল :

I'm sorry, sir. Chambal bought the tickets.

*Q*. Why did you say you had bought them?

*Ans*. I made a mistake, sir.

*Q*. Can you tell the court the name of the picture?

*Ans*. I don't remember.

*Q*. Do you remember anything about the picture?

*Ans*. No, sir.

তার মানে সাক্ষী ঘাবড়ে গেছে। এরপর চম্বলের সঙ্গে তার একহাত হবে।

Which, When, Where, What এই সব শব্দ দিয়ে কী করে প্রশ্নবোধক বাক্য তৈরি করতে হয়, দেখলে।

## ছুটির আগে ছুটির কথা

কাল থেকে চঞ্চলদের ইস্কুল দিন পনেরোর জন্যে বন্ধ। বড়দিনের ছুটি। ইংরেজির ক্লাসে আজ তাই নিয়েই কথাবার্তা হল। শ্রীচারুচন্দ্র ধর ইংরেজি পড়ান।

*Mr. Dhar:* Well, boys, let us talk about the holidays, shall we? I'm sure you're all going to have a good time.

*Boys:* Oh, yes, Sir!

*Mr. Dhar:* And do a little work, too, everyday.

*Nanda* (sadly, to himself): I knew he was going to spoil it.

*Mr. Dhar:* However, let's forget about work at this moment and turn to other matters. You, Nanda, did I hear you muttering to yourself? Please speak up and let us share your thoughts.

*Nanda:* I was only saying , Sir, that a little work never did anybody any harm.

*Mr. Dhar:* Most gratifying, coming from you. And that earns you the right to speak first. Tell us, what are you doing during the holidays, apart from working, of course?

*Nanda:* I don't know for certain, Sir. My father says we might spend a few days at Puri. But he's usually very busy this time of the year and can't say if he can get away.

*Mr. Dhar:* Well, let's hope for the best. And now, Amal, it's your turn to speak. Tell us your hopes about the holidays. Are you going anywhere?

*Amal:* I'm leaving for Bombay tomorrow, Sir, with my mother and younger brother. Father will join us a week later.

*Mr. Dhar:* That sounds very nice. But tell us more. Where will you stay in Bombay? Will you stay in a hotel?

*Amal:* No, Sir. Father says good hotels are very expensive. We'll put up in a guest house.

*Mr. Dhar:* Are you going by train or by air?

*Amal:* By train, Sir. Father says we'll save a good deal of money, if we go by train.

*Mr. Dhar:* And you'll enjoy it much more too, I'm sure. You'll see much more of the country that way. Air journeys are for people who are in a great hurry. And you know, less hurry means more fun while you're travelling.

কিন্তু এসব কথা শোনার পরেও অমলের মুখ দেখে মনে হল সে এরোপ্লেনে যেতে পারলেই বেশি খুশি হত।

আজকের কথাবার্তায় তিনটে ক্রিয়াপদের ব্যবহার আমরা বিশেষভাবে লক্ষ করব :

say, speak, talk, tell.

ওপরের যে-যে বাক্যে এই শব্দগুলো লেগেছে, সেই সব বাক্য আলাদা করে লেখো। তারপর ভেবে দেখো, এই শব্দগুলোর মধ্যে কোন্‌টা কোথায় ব্যবহার হয়, বুঝতে পারো কি না।

এ নিয়ে আরো কথা হবে।

## ছুটির পরে ছুটির কথা

ছুটির পর আবার ইস্কুল খুলে গেছে। কে কীভাবে ছুটি কাটাল তাই নিয়ে চম্বলদের ক্লাসে কথাবার্তা হচ্ছে। সামনের সারিতে বসে যে-ছেলেটি কিছু বলবার জন্যে সবচেয়ে বেশি ছটফট করছিল ইংরেজির মাস্টারমশাই তার দিকে ফিরলেন :

Mr. Dhar: Well, Mangalmurti, let's hear you now. Where have you been during the holiday?

Mangal: Hyderabad, Sir. We had a wonderful time there, Sir. My father said.....

Mr. Dhar: Not so fast. Speak slowly so that we can follow you.

Mangal: I beg your pardon, Sir. My father said we'd have to go there again some day. We had plans to go farther south but we liked it so much in Hyderabad we just couldn't get away. The Salar Jung Museum itself would make another visit worthwhile. And then there is the Charminar which, my father says, represents Hyderabad.

Mr. Dhar: It seems you could go on talking about your holiday for hours. Someday you must write it all down for the school magazine. And now, who will speak next? Shall we hear your story, Somnath?

Somnath: I haven't got much to tell, Sir. I didn't go anywhere far. Just spent a weekend at Digha.

Mr. Dhar: I hope you like the sea a great deal. If you don't, a holiday at Digha can be dull.

Somnath: We didn't find it dull at all, Sir. Specially, on one night there was a full-moon and the sea was beautiful.

তারপর কী হল ?

Mr. Dhar asked Somnath whether he had spoken to any

local people.

Somnath replied that he had spoken to quite a few of them.

Mr. Dhar then asked him if he had noticed anything peculiar about their dialect.

Somnath said that they spoke a dialect which sounded like a mixture of Bengali and Oriya.

"And do you know why?" asked Mr. Dhar.

"Father says it's because the place is very close to Orissa." Somnath said.

এইবার তোমাদের পালা। কথা বলা নিয়ে চারটি ক্রিয়াপদ :

say, speak, talk, tell.

তোমরা নীচের বাক্যগুলোর ফাঁক ভর্তি করো, এই চারটি ক্রিয়াপদের মধ্যে একটি করে নিয়ে।

a) Chambal and his friends often—about football.

b) Milly and Madhumita quarelled and didn't—to each other for a week.

c) "What did you—?" asked the old lady.

d) "I'll—you a secret," Mithun whispered to Madhu.

# এবারে কিছু কাজের কথা

আমাদের 'সহজে ইংরেজি'র আসর অনেক দূর এগিয়েছে। আসরের নিয়মকানুন বলতে তেমন কিছু নেই, তোমরা তো দেখছ। সহজ ইংরেজিতে একটু গল্প-গুজব করা, দুটো কথাবার্তা বলা, আর এই রকম ভাবে একটু ইংরেজি শেখা, ব্যস্, এইটুকু করতে পারলেই আমরা খুশি। আসলে ইংরেজি ভাষাটাকে আমরা যদি একটু-একটু করে সইয়ে-সইয়ে নিতে পারি, আপনার করে নিতে পারি, তাহলেই ইংরেজি শেখা আমাদের কাছে সবচেয়ে সহজ হয়ে পড়ে।

এইভাবে গল্প করতে-করতে আমরা ইংরেজি ভাষার মধ্যে দিয়ে খানিক দূর এসে পড়েছি। চলতে-চলতে ইংরেজির রীতিনীতি, ধরন-ধারণ আমরা একটু-একটু করে জেনে যাচ্ছি। কতটুকু কী শিখলাম তার হিসেবও সব সময়ে হয়তো থাকছে না। চামেলি আর চম্বলের গল্পও এগোচ্ছে, তার সঙ্গে-সঙ্গে আমাদের ইংরেজি শেখাও এগোচ্ছে। আসলে গল্পটার দিকেই যদি আমরা মনোযোগ বেশি দিয়ে থাকি, সেই তো ভাল। গল্পের টানে এগিয়ে চলো, ইংরেজিও সঙ্গে যাবে।

I'm telling you a story.

The story is about Chameli and Chambal.

It's also about their parents, friends and neighbours.

There are other people in it also.

Can you name some of the other people?

There are many incidents in the story.

Can you mention some of the incidents?

শুধু মাঝে-মাঝে, গল্পের ফাঁকে-ফাঁকে তোমাদের কিছু-কিছু প্রশ্ন করছি, কিছু তোমাদের লিখতে বলছি। এর উদ্দেশ্য আর কিছু নয়, যাতে ইংরেজির কতকগুলো বিশেষ রীতি-নীতির দিকে বিশেষভাবে তোমাদের নজর পড়ে, কিংবা যাতে যে-ধরনের ইংরেজি বাক্য তোমরা এই আসরে পড়ছ, নিজেরা সে-রকম বাক্য লিখবার চেষ্টা করো। নিজে লিখবার কি বলবার চেষ্টা না-করলে কোন ভাষাই শেখা যায় না। যেমন ধরো, এবারেই দুটো প্রশ্ন তোমাদের জন্যে আছে, এ-দুটোর উত্তর নিজেরা লিখবে।

# বর্ষার সন্ধ্যা

সেদিন সন্ধ্যা থেকে জোর বর্ষা। চামেলি, চম্বল আর তাদের মা, বাবা বসবার ঘরে যে যার নিজের কাজ আর ভাবনার মধ্যে ডুবে আছেন। রাস্তায় এক-হাঁটু জল, বাইরে বেরোবার কথা ভাবাই যায় না।

চামেলি ভাবছে আরাবল্লির কথা। আরাবল্লিকে বেশি আদর করলে কিংবা বিছানায় লেপের মধ্যে নিলে মা কত বকতেন, বলতেন, "মিলি, বেড়াল নিয়ে অত ঘাঁটাঘাঁটি ভাল না।" তাতে নাকি অসুখ করে। তা হলে দাদার মাঝে মাঝে জ্বর হয় কেন ? দাদা তো কোনো দিন আরাবল্লিকে ছুঁয়ে দেখেনি। আরা যে চলে গেল তাতে দাদার কোন দুঃখই নেই।

Araballi was the best cat in the world, the whitest, the softest and the nicest.

It was impossible not to love her.

She used to play such funny tricks that it was impossible not to laugh.

She used to chase her own tail, the silly thing!

She used to pounce on all sorts of things that she imagined were mice.

Any small thing that moved was a mouse to her.

Waking up in the morning used to be great fun then.

It isn't so any more.

বৃষ্টির কামাই নেই। জানলার সার্সির ভেতর দিয়ে চম্বল দেখছে বাইরে রাস্তায় ঢেউ খেলে যাচ্ছে, কে জানে কার কাগজের নৌকা একখানা কাত হয়ে ভেসে চলেছে। তার অবস্থা খুব সঙ্গিন, এক্ষুনি ডুবে যাবে মনে হচ্ছে।

"I used to make such paperboats myself, when I was a little boy," Chambal was thinking.

"Shall I make one now?" he asked himself.

He thought that he could make a boat much better and stronger than the boat out there.

You have to make them strong, otherwise they don't last

more than a few minutes.
Chambal then thought of the *Titanic*.
It was such a big and strong ship, and yet it went down.
Chambal had to admit to himself that you couldn't guard against all accidents.
এবার এই কথাগুলোর ব্যবহার লক্ষ করো :
Used to, have to
"ছুটির পর ছুটির কথা"-র সঙ্গে যে প্রশ্নগুলো ছিল, তার উত্তর
a) Chambal and his friends often *talk* about football.
b) Milly and Madhumita didn't *Speak* to each other for a week.
c) "What did you *say?*" asked the old lady.
d) "I'll *tell* you a secret." Mithun whispered to Madhu.
তার মানে, দেখলে :
শুধু কিছু বলা :
He said he was going home.
কিছু জানানো :
He told me he was going home.
কথা বলা :
Animals can't talk.

# ইস্কুলের বাসে

ছুটির পর চামেলির ইস্কুল আজ সবে খুলল। চম্বলের ইস্কুল কয়েক দিন আগেই খুলে গিয়েছে।
ইস্কুলের বাসে উঠে মিলি দেখল বন্ধুরা সবাই প্রায় হাজির, কিন্তু কুমকুমকে দেখতে পেল না, আর দেখল পম্পা চম্পা দু'বোন নেই। পম্পা তার সঙ্গে পড়ে আর চম্পা এক ক্লাস নীচে। দু'বোনই খুব ভাল গান করে।
Both Pampa and Champa are very good at singing.
There are not many girls of their age who can sing so well.
Chameli also sings.
She has learnt a few songs by Rabindranath.
She can sing those songs pretty well.
But she hasn't won any prizes for singing.
Pampa has won quite a few medals.
So also has Champa.
Their father, Mr. Sisir Banerjee is very fond of music.
He gives his daughters a lot of encouragement.
He used to be a very good cricketer.

But he doesn't play much cricket now.
Chameli's father knows him very well.
বাসের এক কোণে চুপ করে বসে ছিল সুশীলা, মিলি এতক্ষণ দেখেনি।
Sushila Bhatnagar is a very quiet girl.
She doesn't talk much.
But she smiles a lot.
When you talk to her she only speaks a few words.
Chameli smiled at her and she smiled back.
Then she asked Chameli to come and sit by her.
There were many vacant seats in the bus.
It seemed that quite a few girls hadn't returned from their holidays.
এত খালি চামেলিদের ইস্কুলের বাস সাধারণত থাকে না।
The bus is quite big.
There's a lot of room in it for girls.
But usually when Chameli gets into it she doesn't find much room for herself.
She finds it quite full.
এ-কথা মনে হতেই চামেলির মনে হল তাদের ইস্কুলের কথা :
The school has such big buildings.
Chameli doesn't know how many rooms it has.
But she knows it has many rooms.
The school has so many rooms that it must be hard to count them.
Still the Headmistress says she's in great difficulty for want of rooms.

এবারে নীচের কথাগুলো লক্ষ করো :
many girls
a lot of encouragement
a few songs    much cricket
many rooms    much room
এ নিয়ে পরের বার কথা হবে।
এই দুটোর তফাৎ কী, বুঝতে পারলে ?
many rooms
much room
There are many rooms in the school-building
There wasn't much room in bus.
Chameli's friends made room for her.

# অচেনা লোক

সেদিন রবিবার। সকালবেলায় চম্বল সাইকেলটা নিয়ে বোরোতে যাবে, দেখল কে একজন অচেনা লোক বসবার ঘরে বাবার সঙ্গে কী সব কথাবার্তা বলছেন আর কাগজে কী সব লিখছেন। বাবা তাঁকে দেখতে পেয়েই ডাকলেন, "চম্বল, এদিকে এসো। এখানে বোসো একটু। দেখো ইনি কী করছেন।" অগত্যা চম্বলকে সেখানে বসতেই হল। সে দেখল উনি লিখে নিচ্ছেন চম্বলদের বাড়িতে কতজন লোক, কার কত বয়স, এই সব। তারপর কাগজপত্র গুছিয়ে নিয়ে উনি চলে গেলেন।

"Who was that, Father?" Chambal asked, "Why was he asking all those questions?"

"He needed all that information in connexion with the census. Do you know what a census is?"

"Oh, yes. A census is a counting of the people of the country. But why do they have to count?"

"The government, must know how many people live in the country. But that's not all. The government must know much else, too, about the people and the country. Much work of the government depends upon knowledge of that kind.That's why a census is so important. Do you know how often a census is taken?"

"How often, Father?"

"Once every ten years. Ten years is a long time. A great deal of change takes place during the period. So, a fresh census has to be taken at the end of it."

সেদিন রাত্রিতে খাবার সময়েও এই নিয়ে কথা হচ্ছিল। চামেলি তো রীতিমত উত্তেজিত হয়ে পড়ল।

"Do they count everybody, Father?"

"Every single man, woman and child."

"How can they, Father? There are millions and millionsof us."

"Of course, the government needs a tremendous amount of help. Tens of thousands of people work at it. You saw one this morning."

"What does the government do with the information?" asked Chambal.

"It's all stored up and used when it's needed. And it's needed every so often. For example, when the government has to find out how much food has to be produced, it must know how many people live in the country. When you invite your friends to a party you have to know how many

